আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
••••••••••••••••••
কিন্তু যারা অতঃপর তওবা করে নেবে এবং সৎকাজ করবে তারা ব্যতীত, নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল ও পরম দয়ালু।

সূরা আল ইমরান- ৮৯

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

বরিশাল ॥ বুধবার ॥ ২৮ অক্টোবর ২০২৬ ॥ ১৬ জমাদিউল উলা ১৪৪৮ ॥ ১২ কার্তিক ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১৪২ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

দেশে বিশ্বমানের চিকিৎসাসেবা নিশ্চিত করার আহ্বান রাষ্ট্রপতির

কীর্তনখোলা ডেস্ক

উন্নত চিকিৎসার জন্য বাংলাদেশের রোগীদের বিদেশে যাওয়ার প্রবণতা কমাতে দেশে বিশ্বমানের চিকিৎসাসেবা ২ এর পাতায় দেখুন



আইজিপির বক্তব্য সরকারের জন্য বিব্রতকর: রিজভী

কীর্তনখোলা ডেস্ক

সস্তা বাহবা নেওয়ার জন্য পুলিশ মহাপরিদর্শকের (আইজিপি) দেওয়া বক্তব্য দেশের ক্ষতি করবে এবং সরকারের ২ এর পাতায় দেখুন

সাপ নিয়ে নাড়াচাড়া করবেন না, সেই সাপই ছোবল দিয়ে মেরে ফেলবে

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও জাতীয় সংসদের বিরোধী দলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেছেন, যারা ১৫ বছর ধরে ২ এর পাতায় দেখুন

আইজিপিকে অপসারণের দাবি এনসিপির

কীর্তনখোলা ডেস্ক

সরকারের অনুমতি সাপেক্ষে প্রয়োজনে ক্রসফায়ার বা বিচারবহির্ভূত হত্যা চালুর বিষয়ে পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) ২ এর পাতায় দেখুন

চাহিদার ৩০ ভাগ বিদ্যুৎ সরবরাহে বিপর্যয়ের কবলে বরিশাল অঞ্চল

কীর্তনখোলা রিপোর্ট

দুর্গাপূজার পরে লক্ষ্মীপূজায় আলোর বন্যা মিলিয়ে যাবার সাথেই বরিশাল অঞ্চলে বিদ্যুৎ ঘাটতিও ভয়াবহ রূপে ফিরে এসেছে। মঙ্গলবার (২৭ অক্টোবর) সকালের পর থেকে ক্রমান্বয়ে বিদ্যুৎ ঘাটতি বেড়ে এক পর্যায়ে চাহিদার ৭০ ভাগ পর্যন্ত ঘাটতি তৈরি হয়। দুপুর ২টার পরে ভয়াবহ এ বিদ্যুৎ ঘাটতি অনেকটা মানবিক বিপর্যয় সৃষ্টি করে। এমনকি সমগ্র দক্ষিণাঞ্চলের সর্ববৃহৎ সরকারি চিকিৎসা সেবা প্রতিষ্ঠান শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালসহ এ অঞ্চলের সবগুলো সরকারি-বেসরকারি চিকিৎসা সেবা প্রতিষ্ঠানেও বিদ্যুৎ সরবরাহ দফায় দফায় বন্ধ হয়ে যাওয়ায় অনেক জরুরি অস্ত্রোপচারেও মারাত্মক প্রতিবন্ধকতা সৃষ্টি হয়। জাতীয় গ্রিডে ক্রুটির রেশ ধরে তালতলীতে আরএমসিএল'র সাড়ে ৩শ মেগাওয়াট উৎপাদন ক্ষমতার তাপ বিদ্যুৎ কেন্দ্রটি আকস্মিকভাবেই বন্ধ হয়ে যাওয়ায় পরিস্থিতি আরো ভয়াবহ আকার ধারণ করে। তবে ঐ উৎপাদন ২ এর পাতায় দেখুন

বরিশালে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী

আগামী শিক্ষাবর্ষে চতুর্থ শ্রেণি থেকে পাঠ্যপুস্তকে যুক্ত হচ্ছে খেলাধুলার বই

কীর্তনখোলা রিপোর্ট

আগামী ২০২৭ সালের শিক্ষা বর্ষে চতুর্থ শ্রেণি থেকে খেলাধুলা নামক একটি নতুন বই পাঠ্যপুস্তক সংযোজন হচ্ছে বলে জানিয়েছেন যুব ও ক্রীড়া মন্ত্রনালয়ের প্রতিমন্ত্রী আমিনুল হক। গতকাল মঙ্গলবার বিকেলে বরিশালের কবি জীবনানন্দ দাশ আউটার স্টেডিয়ামে বিসিসি প্রশাসক কাপ ফুলবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। ক্রীড়া প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশের ইতিহাসে এই প্রথম খেলাধুলাকে পাঠ্যপুস্তকে বাধ্যতামূলক করা হচ্ছে। এই পাঠপুস্তকে নতুন সহ বিভিন্ন খেলাধুলার বিষয় থাকবে। নতুন প্রজন্মকে সুস্থভাবে গড়ে তোলার জন্য, ডিভাইজের হাত থেকে দূরে রাখার জন্য এবং মাদক মুক্ত সমাজ গড়ার জন্য সরকার এই কার্যক্রম হাতে নিয়েছে। তিনি বলেন, আমরা বিশ্বাস করি এই খেলাধুলার মাধ্যমে সকল ২ এর পাতায় দেখুন

সাঈদী রাজাকার ছিলেন না মানিক পশারীর ভাই চান মিয়া

কীর্তনখোলা রিপোর্ট

সাবেক জামায়াত নেতা দেলাওয়ার হোসাইন সাঈদীর বিরুদ্ধে করা মামলার বাদী মানিক পশারীর ছোট ভাই চান মিয়া পশারীর গণমাধ্যমকে দেওয়া পুরোনো একটি সাক্ষাৎকার ফের নতুন করে সামনে এসেছে। পিরোজপুর-১ আসনের সংসদ সদস্য মাসুদ সাঈদী তার ব্যক্তিগত ফেসবুক প্রোফাইলে এটি শেয়ার করেছেন।ওই ভিডিওতে চান মিয়া পশারীকে বলতে শোনা যায়, তিনি ও তার ভাই মানিক পশারীকে আর্থিক প্রলোভন দেখানো হয়। তিনি আর্থিক লোভে না পরলেও তার বড় ভাই মানিক পশারী অর্থের প্রলোভনে মাওলানা দেলাওয়ার হোসাইন সাঈদীর বিরুদ্ধে মিথ্যা মামলা করেন এবং মিথ্যা সাক্ষ্য দেন।এ ঘটনার পরিপ্রেক্ষিতে সোমবার (২৬ অক্টোবর) দুপুরে চান মিয়া পশারীর বাড়িতে গিয়ে তার কাছে জানতে চাওয়া ভিডিওতে থাকা ওই ব্যক্তি তিনি কি-না। উত্তরে চান মিয়া পশারী স্বীকার করেন এটা তার বক্তব্য। বিভিন্ন প্রশ্নের উত্তরে ২ এর পাতায় দেখুন

যুব উন্নয়ন অধিদপ্তরের বরিশাল জেলার আওতায়
বিসিসি ২৬নং ওয়ার্ডের হরিণাফুলিয়ায়
বায়োগ্যাস প্লান্ট এর
শুভ উদ্বোধন

জ্বালানি সংকট মোকাবিলায় প্রতিটি ঘরে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের পরিকল্পনা

কীর্তনখোলা রিপোর্ট

জ্বালানি সংকট মোকাবিলায় দেশের প্রতিটি ঘরে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের পরিকল্পনা করছে সরকার। এ জন্য প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হবে বলে জানিয়েছেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মো. আমিনুল হক। মঙ্গলবার (২৭ অক্টোবর) বেলা ৩টায় বরিশাল নগরের হরিনাফুলিয়া এলাকায় একটি বায়োগ্যাস প্ল্যান্টের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশসহ সারা বিশ্বে জ্বালানি সংকট রয়েছে। এ সংকট কাটিয়ে উঠতে বায়োগ্যাস গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা ও তাঁর পরামর্শ নিয়ে দেশের তৃণমূল পর্যায়ের প্রতিটি ঘরে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের উদ্যোগ নিতে চান তাঁরা। তাঁর বিশ্বাস, বায়োগ্যাসের ব্যবহার বাড়ানো গেলে ভবিষ্যতে দেশের জ্বালানি সংকট মোকাবিলা করা সম্ভব হবে। আমিনুল হক বলেন ২ এর পাতায় দেখুন

'অতি প্রবল ঘূর্ণিঝড়ে' রূপ নিয়েছে অর্ণব, আঘাত হানবে আজই

কীর্তনখোলা ডেস্ক

বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় অর্ণব আরও শক্তিশালী হয়ে 'অতি প্রবল ঘূর্ণিঝড়ে' পরিণত হয়েছে। ভারতের আবহাওয়া অধিদপ্তর (আইএমডি) জানিয়েছে, ঘূর্ণিঝড়টি পশ্চিম-মধ্য বঙ্গোপসাগরে অবস্থান করছে। আজ বুধবারই এটি ভারতের অন্ধ্র প্রদেশ উপকূলে আঘাত হানতে পারে। মঙ্গলবার (২৭ অক্টোবর) স্থানীয় সময় সকাল সাড়ে ১১টায় ঘূর্ণিঝড়টির অবস্থান শনাক্ত করা হয়। গত ছয় ঘণ্টায় প্রায় ২০ কিলোমিটার গতিতে পশ্চিম দিকে এগিয়েছে এটি। আবহাওয়াবিদদের পূর্বাভাস অনুযায়ী, মঙ্গলবার সন্ধ্যা পর্যন্ত এটি পশ্চিম-উত্তর-পশ্চিম দিকে এগোতে পারে। এরপর উত্তর-পশ্চিম ২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত......

হ্যালো ৯৯৯

আমাদের পরিচয় হোক "মানুষপন্থী"

যুক্তিতর্ক মোতাবেক 'রবীন্দ্রনাথ যেমন বাংলাদেশ চান নাই, তেমনই চান নাই বাংলাদেশ জামায়াতে ইসলামী'। একটা হারাম হইলে আরেকটা আরাম হইতে পারে না।

আওয়ামীলীগের দেওলিয়াত্বের কারণ স্বরূপ যেই দৃষ্টান্তগুলো স্থাপন করা হয়, মাশাল্লাহ, এখন সেইসব দৃষ্টান্তের কতিপয় ধৃষ্টতা দেখাইতেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) [আমার লেখায়, এনসিপি নাম পেলে পড়বেন 'বেহাত জুলাইয়ের পেছনের হাতগুলোর সেইফ জোন]।

প্রকৃতিতে শূণ্যস্থান থাকেনা। সে মোতাবেক জাতীয় পার্টির শূন্যতা পূরণে বদ্ধ পরিকর "গণঅধিকার পরিষদ"। সম্মানের সাথেই চরমেনাইয়ের কথা বললে, পারিবারিকভাবে প্রাপ্ত পীরিজম কিংবা তাঁদের দাম্ভিকতা নিয়ে প্রশ্ন তুললে আপনি হয়ে যাবেন বেয়াদব। প্রশ্ন উঠবে আপনার ধর্মীয় শিক্ষা, আদব-কায়দা নিয়ে। আমার রাজনৈতিক প্রজ্ঞা বলে, রাজনীতির মঞ্চে চরমোনাই কখনোই প্রতিষ্ঠিত হইতে পারবেনা। যেমন হইতে পারেনাই একসময়ের লাখো তরুণের প্রিয় তারুণ্যদীপ্ত নেতা ৩ এর পাতায় দেখুন

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে (উপরে) জেলা ও (নিচে) মহানগর যুবদলের র‍্যালি -কীর্তনখোলা

বরিশালে বর্ণাঢ্য আয়োজনে যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

কীর্তনখোলা রিপোর্ট

বর্ণাঢ্য র‍্যালি, সমাবেশ ও ফ্রি মেডিকেল ক্যাম্পের মধ্য দিয়ে বরিশালে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন করা হয়েছে। প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে মঙ্গলবার (২৭ অক্টোবর) দুপুর ১২টায় পৃথকভাবে কর্মসূচি পালন করে বরিশাল মহানগর ও জেলা যুবদল। এ উপলক্ষ্যে নগরীর সদর রোডে অশ্বিনী কুমার হলসংলগ্ন বিএনপির দলীয় কার্যালয়ের সামনে সমাবেশের আয়োজন করে মহানগর যুবদল। সমাবেশ শেষে নেতাকর্মীদের অংশগ্রহণে একটি বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। র‍্যালিটি নগরীর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। অন্যদিকে, প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সমাবেশ ও র‍্যালির আয়োজন করে জেলা যুবদল। সংগঠনের নেতাকর্মীদের অংশগ্রহণে র‍্যালিটি নগরীর বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। এর আগে দিবসটি উপলক্ষে নগরীর সদর রোডে সাধারণ মানুষের জন্য ফ্রি মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়। কর্মসূচিতে অংশ নেন বরিশাল সিটি করপোরেশনের প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন, বিএনপির কেন্দ্রীয় সহসাংগঠনিক সম্পাদক মাহবুবুল ২ এর পাতায় দেখুন

বাড়ি বাড়ি গিয়ে ট্যাক্স আদায়ের প্রতারণা ॥ গ্রেফতার দুই

কীর্তনখোলা রিপোর্ট

ভোলার বোরহানউদ্দিনে বাড়ি বাড়ি গিয়ে বসতভিটার ট্যাক্স আদায়ের নামে প্রতারণার অভিযোগে দুই ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। সোমবার (২৬ অক্টোবর) রাতে তাঁদের গ্রেফতার করা হয়। এ ঘটনায় গ্রেফতার দুজনসহ অজ্ঞাতনামা আরও ৬ থেকে ৭ জনকে আসামি করে প্রতারণার মামলা করা হয়েছে। বোরহানউদ্দিন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মনোরঞ্জন বর্মন ও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আশ্রাব আলী গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেছেন। স্থানীয় বাসিন্দারা জানান, সোমবার সকালে উপজেলার হাসাননগর ইউনিয়নের বিভিন্ন বাড়িতে ছাপানো রসিদ ২ এর পাতায় দেখুন



শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপন্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা
উচ্চ মাধ্যমিক ও সম্মান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে
বুক ভিলা, সদর রোড, বরিশাল, 01932-314219
ইসলামিয়া লাইব্রেরি, প্যারারারোড, সদর রোড, বরিশাল, 01711-264963
অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868515
অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868514
খন্দকার লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01711-047767
নিউ মাহবুব লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01763-107720
রহমান বুক হাউজ, প্যারারারোড, সদর রোড, বরিশাল, 01718-670945
মজুমদার লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল, 01716-139268
অমৃত লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল, 01719-408049
নিউ কলেজ লাইব্রেরি, বি.এম কলেজের সামনে, 01726-074663
হক লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে, 01724-851658
আশরাফিয়া লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেট, 01717-488083

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** ঝালকাঠি সদর ও নলছিটি, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, কলাপাড়া, কুয়াকাটা, **ভোলা জেলা:** ভোলা সদর তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** পিরোজপুর সদর, নাজিরপুর ও **বরিশাল জেলা:** গৌরনদী, উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক, ০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

প্রয়োজনীয় পদক্ষেপ নিন

অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার বাড়ার পাশাপাশি বাড়ছে প্রযুক্তিনির্ভরতাও। একই সঙ্গে বাড়ছে প্রযুক্তি ঘিরে নিরাপত্তার ঝুঁকিও। বিশেষ করে ওয়েবজগতে ছড়িয়ে থাকা বিভিন্ন প্রতিষ্ঠানের ও ব্যবহারকারীদের তথ্য সুরক্ষা বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। গণমাধ্যমে প্রকাশিত খবরে জানা যায়, সম্প্রতি নিরাপত্তা ত্রুটির কারণে বিশ্বজুড়ে বিভিন্ন প্রতিষ্ঠানের ওয়েবসাইট বন্ধ রাখতে হয়েছে। বাংলাদেশেও বেশ কিছু গুরুত্বপূর্ণ দপ্তরের ওয়েবসাইট বন্ধ দেখা গেছে। এর মধ্যে রয়েছে ভূমিসেবার ওয়েবসাইট, বাংলাদেশ ব্যাংক, সরকারি-বেসরকারি কয়েকটি ব্যাংকসহ বেশ কিছু প্রতিষ্ঠানের ওয়েবসাইটও। বলা বাহুল্য, এই পরিস্থিতি অত্যন্ত উদ্বেগজনক। জানা যায়, ইন্টারনেটের নেপথ্যে কাজ করা 'হাইপারটেক্সট প্রিপ্রসেসর' বা পিএইচপি ত্রুটির কারণে বিশ্বজুড়ে ওয়েবসাইট বন্ধের ঘটনা ঘটে। এই ত্রুটি ছিল প্রায় এক দশকের বেশি সময় ধরে। কিন্তু ধরা পড়েছে মাত্র সপ্তাহখানেক আগে। বিষয়টি কৃত্রিম বুদ্ধিমত্তার (এআই) সাহায্যে শনাক্ত করেন যুক্তরাষ্ট্রের দুটি সাইবার নিরাপত্তা প্রতিষ্ঠানের একদল গবেষক। প্রতিষ্ঠান দুটি হলো ক্যালিফ ও উইজ। এর পরই আসতে থাকে সতর্কবার্তা। যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা সংস্থা (এনএসএ) ২১ অক্টোবর পিএইচপি ব্যবহারকারী সব প্রতিষ্ঠানকে সতর্ক করে। সংস্থাটি বলেছে, কোনো প্রতিষ্ঠান যদি দ্রুত নিরাপত্তা ত্রুটি ঠিক করতে না পারে, তাহলে তাদের সিস্টেম বন্ধ করে দেওয়া উচিত। কারণ এই ত্রুটি কাজে লাগিয়ে সরাসরি কোনো তথ্যভাণ্ডার বা ডেটা বেইসে হামলার সুযোগ তৈরি হতে পারে। বিশ্বজুড়ে এই পরিস্থিতির মধ্যে ভারতের প্রধান ব্যাংক স্টেট ব্যাংক অব ইন্ডিয়ার (এসবিআই) গ্রাহকদের গোপন তথ্য নিয়ন্ত্রণে নেওয়ার কথা জানায় 'সিরিউসিম' নামের একটি হ্যাকার গোষ্ঠী। গত শুক্রবার গ্রাহকদের তথ্য ফাঁসের কথা স্বীকারও করে ভারতের রাষ্ট্রায়ত্ত এই ব্যাংকটি। এদিকে জরুরি সতর্কবার্তার পর বাংলাদেশ ব্যাংক গত বৃহস্পতিবার থেকে তাদের ওয়েবসাইট বন্ধ রেখেছিল। কেন্দ্রীয় ব্যাংকের এই পদক্ষেপের পর সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে আরো কয়েকটি ব্যাংকও ওয়েবসাইট বন্ধ করে দেয়। ব্যাংকগুলো হলো অগ্রণী ব্যাংক, জনতা ব্যাংক, আইএফআইসি ব্যাংক, স্ট্যান্ডার্ড ইসলামী ব্যাংক, এসবিএসি ব্যাংক ও বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক। দেশে নানা সময় তথ্য সুরক্ষা ব্যবস্থা বিঘ্নিত হয়েছে। জানা গেছে, ২০২৩ সালের জানুয়ারি থেকে ২০২৬ সালের মে পর্যন্ত বাংলাদেশে অন্তত ৬৮টি তথ্য ফাঁসের ঘটনা ঘটেছে। এর মধ্যে ৩৬টি সরকারি ও ৩২টি বেসরকারি প্রতিষ্ঠান। গত বছর জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) তথ্যভাণ্ডারের তথ্য ফাঁসের ঘটনা ঘটে। হতাশার দিক হলো, এসব ঘটনার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়নি। আমরা মনে করি, সাইবার সুরক্ষায় কোনো অবহেলার সুযোগ নেই। প্রযুক্তিগত সক্ষমতা বাড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ নিতেই হবে।

আইজিপিকে অপসারণের

আলী হোসেন ফকিরের বক্তব্যে নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। দলটির মতে, পুলিশ প্রধানের এ ধরনের বক্তব্য কেবল আইনের শাসন ও সংবিধানের পরিপন্থীই নয়; বরং এটি মানবাধিকার লঙ্ঘন ও বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের মতো ঘৃণ্য অপরাধকে পুনরায় বৈধতা দেওয়ার এক বিপজ্জনক পাঁয়তারা। সোমবার (২৬ অক্টোবর) এক বিবৃতিতে এ সব কথা জানায় এনসিপি। দলের দপ্তর সম্পাদক সাদিয়া ফারজানা দিনা স্বাক্ষরিত বিবৃতিতে আইজিপির বক্তব্য উল্লেখ করে বলা হয়, সরকারের অনুমোদন বা অনুমতি দিয়েও কখনো কোনো বিচারবহির্ভূত হত্যাকাণ্ডকে বৈধতা দেওয়া যায় না। বর্তমান ক্ষমতাসীন দল বিএনপি তাদের রাষ্ট্র মেরামতের ৩১ দফা রূপরেখার ১৪ নম্বর দফায় বলেছিল, "গুম ও বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের অবসান ঘটানো হবে"। কিন্তু তাদের সরকারের আমলে নিয়োগকৃত আইজিপির এহেন উচ্চারণ স্পষ্টতই তাদের নিজেদের অঙ্গীকারের সঙ্গে দ্বিচারিতা এবং রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ পদে অযোগ্য লোক নিয়োগের সাক্ষাৎ নজির। বিবৃতিতে বলা হয়, দীর্ঘ ১৫ বছরের বেশি সময় ধরে ফ্যাসিবাদী শাসনামলে রাষ্ট্রযন্ত্রকে ব্যবহার করে বিচারবহির্ভূত হত্যা, গুম ও রাষ্ট্রীয় নিপীড়নের যে ভয়ংকর সংস্কৃতি চালু করা হয়েছিল, চব্বিশের ছাত্র-জনতার রক্তক্ষয়ী গণ-অভ্যুত্থান তার অবসানের জন্যই সংঘটিত হয়েছিল। তৎকালীন বিরোধী দলগুলোর শত শত নেতা-কর্মীদের বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের ক্ষত এবং আইন প্রয়োগকারী সংস্থার অপরাধমূলক ক্ষমতার অপব্যবহারের ইতিহাস দেশবাসীর চোখের সামনে এখনো স্পষ্ট। বিগত স্বৈরাচারের আমল থেকে শিক্ষা না নিয়ে, বর্তমান সময়ে এসে পুনরায় পুলিশের শীর্ষ পর্যায় থেকে এ ধরনের উসকানিমূলক ও বেআইনি বক্তব্য দেওয়া চরম ধৃষ্টতাপূর্ণ। আইনশৃঙ্খলা রক্ষার ব্যর্থতা ঢাকতে 'ক্রসফায়ার'-এর জুজু দেখানো এক ধরনের প্রাতিষ্ঠানিক দেউলিয়াত্ব। এ ধরনের বক্তব্য মাঠপর্যায়ের পুলিশ সদস্যদের মধ্যে বেআইনি বলপ্রয়োগের প্ররোচনা জোগাবে এবং মানবাধিকার লঙ্ঘনের নতুন পথ উন্মুক্ত করবে। অবিলম্বে আইজিপিকে অপসারণের দাবি জানিয়ে বিবৃতিতে বলা হয়, সরকারের বেআইনি নির্দেশ পালনে পুলিশ প্রশাসন বাধ্য নয়, বাংলাদেশের পেনাল কোড ও পুলিশ আইনে পরিষ্কারভাবে তা উল্লেখ রয়েছে। রাষ্ট্রে আইনের শাসন প্রতিষ্ঠা এবং মানবাধিকার সুরক্ষায় পুলিশ বাহিনীকে সকল ধরনের বেআইনি চর্চা থেকে মুক্ত করে একটি জনবান্ধব ও জবাবদিহিমূলক প্রতিষ্ঠানে রূপান্তর করার জন্য প্রয়োজনীয় সংস্কার সাধনে জুলাই সনদে বর্ণিত পথে অবিলম্বে 'পুলিশ কমিশন' গঠন করতে হবে।

সাপ নিয়ে নাড়াচাড়া করবেন

গুম, খুন ও নির্যাতন চালিয়েছে, তাদের আশকারা দিচ্ছেন কেউ কেউ। সাপ নিয়ে নাড়াচাড়া করবেন না, সেই সাপই ছোবল দিয়ে শেষ করে দেবে। মঙ্গলবার (২৭ অক্টোবর) বিকেলে রাজধানীর কাকরাইলে ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি) মিলনায়তনে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ২০০৬ সালের ২৮ অক্টোবরের শহীদ পরিবারের সদস্যদের নিয়ে এ সভার আয়োজন করে বাংলাদেশ জামায়াতে ইসলামী। শফিকুর রহমান বলেন, আওয়ামী লীগ কখনো স্বাভাবিকভাবে রাষ্ট্রীয় দায়িত্ব পালন শেষে ক্ষমতা থেকে বিদায় নিতে পারেনি। দলটি সব সময় লাঞ্ছিত ও অপমানিত হয়ে বিদায় নিয়েছে। কেউ যদি আবার সেই পথ অনুসরণ করতে চান, তাহলে তাদের পরিণতিও ভিন্ন হবে না। বিরোধী দলীয় নেতা বলেন, আমরা কোনো প্রতিহিংসার বিচার চাই না, ন্যায়বিচার চাই। অন্যায়ভাবে কাউকে ফাঁসি দেওয়া তো দূরের কথা, কারও একটি লোম ধরে টান দেওয়া হোক তাও আমরা চাই না। তবে ন্যায়বিচার হলে প্রতিটি অপরাধীর সর্বোচ্চ শাস্তি নিশ্চিত হবে। শফিকুর রহমান বলেন, এই বাংলাদেশ আমাদের সবার। কোনো ফ্যাসিবাদী শক্তির হাতে বাংলাদেশকে ইজারা দেব না। আমরা আমাদের বাংলাদেশকে দেখে-শুনে রাখব, পাহারা দিয়ে রাখব। জামায়াতের নেতাদের ত্যাগের কথা উল্লেখ করে দলটির প্রধান বলেন, জীবন একটাই–এ জীবন আল্লাহর জন্য ও মানবতার জন্য উৎসর্গ করতে আমরা প্রস্তুত। তবে কোনো অন্যায়ের কাছে আমরা মাথা নত করব না। জামায়াত আমির বলেন, ফাঁসির মঞ্চে যাওয়ার সময় আমার দলের নেতাদের পা কাঁপেনি, ঠোঁট কাঁপেনি। কারণ, তারা বিশ্বাস করতেন, তাদের ওপর জুলুম করা হয়েছে এবং তারা শহীদ হয়ে আল্লাহর সঙ্গে সাক্ষাৎ করবেন। বিগত সময়ে গুম ও হত্যাকাণ্ডের শিকার ব্যক্তিদের পরিবারের দুর্ভোগের কথা তুলে ধরে ডা. শফিকুর রহমান বলেন, আমার দলের অনেক সহকর্মী নির্যাতনের শিকার হয়ে দুনিয়া থেকে বিদায় নিয়েছেন। তাদের কারও কারও কবর এখনো পরিবারের সদস্যরা খুঁজে পাননি। অনেক মা-বাবা এখনো জানেন না, তাদের সন্তান বেঁচে আছেন, নাকি মারা গেছেন। মারা গিয়ে থাকলে তার কবর কোথায়, সেটিও তারা জানেন না। গত ১৫ বছরে এসব ঘটনা ঘটেছে, এরপরও কেউ কেউ সেই শক্তিকে আশকারা দিচ্ছেন। বিরোধী দলীয় নেতা বলেন, রাজনীতি যদি মানুষ হত্যা করার নাম হয়, তাহলে আওয়ামী লীগ রাজনীতি করতে পারে। কিন্তু রাজনীতি যদি মানুষের কল্যাণে দেশ গড়া, দেশকে এগিয়ে নেওয়া, সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠা এবং বৈষম্য দূর করার নাম হয়, তাহলে আওয়ামী লীগের সেই যোগ্যতা নেই। এ কারণে বাংলাদেশে দলটির রাজনীতি করার অধিকার থাকা উচিত নয় বলেও মন্তব্য করেন তিনি। আওয়ামী লীগের সমর্থকদের ভবিষ্যৎ প্রসঙ্গে শফিকুর রহমান বলেন, ওই দলের মধ্যে যারা ভালো মানুষ এবং দেশকে ভালোবাসেন, তারা নিজেদের পছন্দ অনুযায়ী রাজনৈতিক ঠিকানা খুঁজে নেবেন। তবে ফ্যাসিবাদ বাংলাদেশে আবার ফিরে আসবে–এমন কল্পনা কাউকে না করার আহ্বান জানান তিনি।

আইজিপির বক্তব্য সরকারের

ভাবমূর্তিতে আঘাত হানবে বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী। মঙ্গলবার রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে জাতীয়তাবাদী যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত ফ্রি মেডিকেল ক্যাম্পের উদ্বোধনী অনুষ্ঠানে রিজভী এ মন্তব্য করেন। আইজিপির সাম্প্রতিক ক্রসফায়ার-সংক্রান্ত বক্তব্যের সমালোচনা করে রিজভী বলেন, একটি পুলিশ বাহিনীর প্রধান সরকারের একটি অংশ। তিনি আবার ক্রসফায়ারের কথা বলেন কীভাবে? যদি স্লিপ অব টাং (মুখ ফসকে) বলে থাকেন, সেটা ভিন্ন ব্যাপার। কিন্তু এ ধরনের বক্তব্য সরকারকে বিব্রত করার মতো অবস্থা। তিনি বলেন, 'তাঁর মুখ থেকে এ ধরনের কথা আসা সত্যিই আমাদের ভাবিয়ে তুলছে, সরকারকেও ভাবিয়ে তুলছে।' রিজভী আরও বলেন, সস্তা ক্রেডিট নেওয়ার জন্য দায়িত্বশীল অবস্থান থেকে এ ধরনের কথা বলা হলে তা দেশের ক্ষতি করবে এবং সরকারের ভাবমূর্তিতে আঘাত হানবে। পুলিশ বাহিনীতে অনেক সৎ ও দক্ষ কর্মকর্তা রয়েছেন উল্লেখ করে তিনি তাঁদের কাজে লাগানোর আহ্বান জানান। তাঁর মতে, নিরপেক্ষভাবে ও স্বাধীনভাবে আইন প্রয়োগ করা হলে সমাজে কোনো অপরাধ থাকবে না। অনুষ্ঠানে বিএনপির চেয়ারম্যান তারেক রহমানের বিভিন্ন সামাজিক ও উন্নয়নমূলক পরিকল্পনার কথা উল্লেখ করে রিজভী বলেন, তরুণদের স্বাধীনভাবে দক্ষ করে তুলে দেশের উৎপাদন ও উন্নয়নের সঙ্গে সম্পৃক্ত করাই বিএনপির মূল লক্ষ্য। জাতির পুনর্গঠনে তরুণ সমাজকে বিশৃঙ্খল নয়, মূল অংশীদার হিসেবে গড়ে তুলতে হবে। তারেক রহমানের 'মানবিক বাংলাদেশ' রূপকল্পের কথা তুলে ধরে বিএনপির এই নেতা বলেন, প্রান্তিক কৃষক ও দরিদ্র মানুষের সামাজিক নিরাপত্তা নিশ্চিত করতে ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ডের মতো উদ্যোগ নেওয়া হয়েছে, যাতে কেউ অনাহারে বা নিরন্ন না থাকে। অর্থনীতিবিদদের গবেষণাতেও এসেছে যে, এসব কার্যক্রম বাস্তবায়িত হলে দেশে দারিদ্র্যের হার দ্রুত কমে আসবে। পাশাপাশি পরিবেশ সুরক্ষায় কোটি কোটি গাছ ও তালগাছ লাগানোর মতো দূরদর্শী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। যুবদলের ফ্রি মেডিকেল ক্যাম্প উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিএনপির যুগ্ম মহাসচিব আব্দুস সালাম আজাদ, যুবদলের সভাপতি মোনায়েম মুন্না, সাধারণ সম্পাদক নুরুল ইসলাম নয়ন, সহ-সভাপতি জিয়াউর রহমান জিয়া, ফেরদৌস মুন্না, এজমাল হোসেন পাইলট, সিনিয়র যুগ্ম সম্পাদক বিল্লাল হোসেন তারেক প্রমুখ। এর আগে সকালে যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকীতে সংগঠনটির নেতা-কর্মীদের নিয়ে দলের প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব। এ সময় তিনি যুবদলের ভূমিকার প্রশংসা করে বলেন, জাতীয়তাবাদী যুবদল বহু সংগ্রাম ও আন্দোলনের মধ্য দিয়ে একটি ইস্পাতকঠিন বিএনপির অগ্রবাহিনী হিসেবে নিজেদের প্রতিষ্ঠিত করেছে। গণতন্ত্রের সংগ্রাম, মানুষের অধিকার রক্ষা এবং তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা প্রতিষ্ঠার আন্দোলনে যুবদলের অসংখ্য নেতা-কর্মী জীবন উৎসর্গ করেছেন। তারেক রহমানের সহায়ক শক্তি হিসেবে কাজ করে যাবে যুবদল।

দেশে বিশ্বমানের চিকিৎসাসেবা

আধুনিক প্রযুক্তি, দক্ষ বিশেষজ্ঞ চিকিৎসক এবং রোগীবান্ধব পরিবেশ নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, বিশেষায়িত চিকিৎসা, আধুনিক প্রযুক্তি ও দক্ষতার সীমাবদ্ধতার পাশাপাশি সেবার মান এবং আস্থার অভাবও রোগীদের বিদেশমুখী হওয়ার সঙ্গে জড়িত। ফলে প্রতিবছর বিপুল অর্থ দেশের বাইরে চলে যায়। মঙ্গলবার (২৭ অক্টোবর) রাজধানীর শহীদ আবু সাঈদ আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে দুই দিনব্যাপী 'কোলোরেক্টাল সার্জারি সম্মেলন-২০২৬' এর উদ্বোধনী অনুষ্ঠানে রাষ্ট্রপতি এসব কথা বলেন।রাষ্ট্রপতি বলেন, স্বাস্থ্যসেবার মানোন্নয়ন, দক্ষ জনবল নিয়োগ, আধুনিক প্রযুক্তির ব্যবহার এবং জবাবদিহি নিশ্চিত করার মাধ্যমে একটি আধুনিক, সাশ্রয়ী ও জনবান্ধব স্বাস্থ্যব্যবস্থা গড়ে তুলতে হবে। চিকিৎসাসেবায় মানবিকতার গুরুত্ব তুলে ধরে তিনি বলেন, চিকিৎসা কেবল একটি পেশা নয়; এটি মানুষের জীবন, মর্যাদা ও আশার সঙ্গে সম্পর্কিত এক মহান দায়িত্ব। রোগীর প্রতি মানবিক আচরণ, চিকিৎসার বিষয়গুলো সহজ ভাষায় রোগী ও তার স্বজনদের বুঝিয়ে বলা, পরিচ্ছন্ন ও নিরাপদ পরিবেশ বজায় রাখা এবং দরিদ্র রোগীদের প্রতি বিশেষ সহমর্মিতা নিশ্চিত করা অপরিহার্য। আর্থিক অসচ্ছলতার কারণে কেউ যেন প্রয়োজনীয় চিকিৎসা থেকে বঞ্চিত না হন, সে লক্ষ্যে সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান তিনি। মির্জা ফখরুল ইসলাম বলেন, বিগত ১৭ বছরে ফ্যাসিবাদী শাসন, অব্যবস্থাপনা, সীমাহীন দুর্নীতি ও অপরিকল্পিত সিদ্ধান্তের কারণে দেশের স্বাস্থ্যব্যবস্থা কাঙ্ক্ষিত অগ্রগতি অর্জন করতে পারেনি। সাধারণ মানুষ সরকারি হাসপাতালে সময়মতো চিকিৎসা, ওষুধ ও প্রয়োজনীয় সেবা থেকে বঞ্চিত হয়েছেন। তিনি বলেন, প্রয়োজনীয় অবকাঠামো ও দক্ষ জনবল নিশ্চিত না করেই ব্যয়বহুল যন্ত্রপাতি কেনা হয়েছে। অবকাঠামোর অভাবে অনেক যন্ত্রপাতি অব্যবহৃত থেকেছে। এমনকি টেকনিশিয়ান ও প্রয়োজনীয় কর্মী ছাড়াই পরীক্ষাগারের যন্ত্রপাতি কেনা হয়েছে। চিকিৎসক, নার্স ও টেকনিশিয়ান নিয়োগে দীর্ঘস্থায়ী স্থবিরতা পরিস্থিতিকে আরও জটিল করেছে।

বাড়ি বাড়ি গিয়ে ট্যাক্স আদায়ের

নিয়ে ট্যাক্স আদায় করতে যান এক যুবক। স্থানীয় লোকজন তাঁর পরিচয় জানতে চাইলে তিনি নিজের নাম মো. রিয়াজ বলে জানান। এ সময় তিনি নিজেকে পিএসবি প্রজেক্টের নিয়োগ করা খণ্ডকালীন ট্যাক্স কালেক্টর হিসেবেও পরিচয় দেন। তবে কীসের ভিত্তিতে এবং কার অনুমতিতে তিনি ট্যাক্স আদায় করছেন, সে বিষয়ে সন্তোষজনক ব্যাখ্যা দিতে পারেননি তিনি। পরে স্থানীয় বাসিন্দারা ইউনিয়ন পরিষদের প্রশাসক ও সচিবের সঙ্গে যোগাযোগ করলে তাঁরা এ বিষয়ে কিছু জানেন না বলে জানান। ওই যুবকের কথাবার্তায় অসংগতি দেখে স্থানীয় লোকজন তাঁকে আটকে রাখেন। তাঁকে আটকে রাখার খবর পেয়ে চক্রের আরেক সদস্য ঘটনাস্থলে এলে স্থানীয় বাসিন্দারা দুজনকেই অবরুদ্ধ করেন। পরে খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাঁদের উদ্ধার করে থানায় নিয়ে যায়। গ্রেফতার ব্যক্তিরা হলেন বগুড়ার সারিয়াকান্দি থানার বাসিন্দা মো. ইমান আলীর ছেলে মো. মজিদুল ইসলাম (৩৮) এবং নীলফামারীর কিশোরগঞ্জ থানার বাসিন্দা ছফদ্দি মাহমুদের ছেলে মাহবুব ইসলাম সাগর (২৪)। পরে সোমবার রাতে স্থানীয় এক ব্যক্তি বাদী হয়ে গ্রেফতার দুজনসহ অজ্ঞাতনামা আরও ৬ থেকে ৭ জনের বিরুদ্ধে প্রতারণার মামলা করেন। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, চক্রটির সদস্যরা নিজেদের ট্যাক্স কালেক্টর পরিচয় দিয়ে উপজেলার সাচড়া, কাচিয়া, পক্ষিয়া ও হাসাননগর ইউনিয়নের বিভিন্ন এলাকায় বাড়ি বাড়ি গিয়ে বসতভিটার ট্যাক্স আদায় করছিলেন। এ সময় টিনের ঘর থেকে ৩০০ টাকা এবং পাকা বাড়ি থেকে ৫০০ টাকা করে আদায় করা হচ্ছিল বলে অভিযোগ করেছেন তাঁরা। স্থানীয়দের আরও অভিযোগ, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা প্রশাসক এবং ইউপি সচিবদের সঙ্গে যোগসাজশে পরিষদের চৌকিদারদের সহযোগিতা নিয়ে তাঁরা এ কার্যক্রম চালাতেন। তবে এসব অভিযোগের সত্যতা স্বাধীনভাবে নিশ্চিত হওয়া যায়নি। বোরহানউদ্দিন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মনোরঞ্জন বর্মন বলেন, এ ঘটনায় বোরহানউদ্দিন থানায় মামলা হয়েছে। বিষয়টি তদন্তাধীন। বোরহানউদ্দিন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আশ্রাব আলী বলেন, এ ঘটনায় দুইজনকে গ্রেফতার করা হয়েছে। তাঁদের দুজনসহ অজ্ঞাতনামা আরও ৬ থেকে ৭ জনের বিরুদ্ধে প্রতারণার মামলা হয়েছে। মঙ্গলবার সকালে গ্রেফতার ব্যক্তিদের ভোলার আদালতে পাঠানো হয়েছে।

বরিশালে বর্ণাঢ্য আয়োজনে যুবদলের

হক নান্নু, বরিশাল মহানগর বিএনপির আহ্বায়ক মনিনুজ্জামান খান ফারুক, জেলা বিএনপির সদস্যসচিব অ্যাডভোকেট আবুল কালাম শাহীন, কেন্দ্রীয় যুবদলের সহসভাপতি ও জেলা যুবদলের সভাপতি এইচ এম তসলিম উদ্দিন এবং মহানগর যুবদলের সম্পাদক মাসুদ হাসান মামুনসহ জেলা ও মহানগর যুবদলের বিভিন্ন পর্যায়ের নেতারা। সমাবেশে বক্তারা বলেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের হাতে গড়া যুবদল দেশের রাজনৈতিক অঙ্গনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশনায় সংগঠনকে আরও সুশৃঙ্খল ও জনবান্ধব হিসেবে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন তাঁরা। বক্তারা আরও বলেন, যুবদলের প্রতিটি নেতাকর্মীকে দলীয় শৃঙ্খলা বজায় রেখে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। দেশের মানুষের কল্যাণে নিজেদের সম্পৃক্ত করার পাশাপাশি গণতান্ত্রিক আন্দোলন-সংগ্রামে দায়িত্বশীল ভূমিকা পালনের জন্যও নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান তাঁরা।

জ্বালানি সংকট মোকাবিলায় প্রতিটি ঘরে

পরিবেশবান্ধব বায়োগ্যাস প্ল্যান্টের মাধ্যমে ১৫ হাজার সংযোগ দেওয়ার পরিকল্পনা নিয়েছে সরকার। এরই মধ্যে ১২ হাজার সংযোগ স্থাপন করা হয়েছে। জাতীয় যুব দিবসে রাষ্ট্রপতি এসব সংযোগের উদ্বোধন করবেন বলে জানান তিনি। প্রতিমন্ত্রী আরও বলেন, বায়োগ্যাস দিয়ে রান্নাসহ দৈনন্দিন কাজ করা যাবে। পাশাপাশি এ গ্যাস ব্যবহার করে বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনাও রয়েছে সরকারের। এ বিষয়ে বিস্তারিত তথ্য জানাতে একটি বুকলেট তৈরির কাজ চলছে। বরিশাল অঞ্চলে এ পর্যন্ত ৮১টি বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন করা হয়েছে উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, কেউ নিজ উদ্যোগে, আবার কেউ ঋণ নিয়ে এসব প্ল্যান্ট তৈরি করেছেন। অধিকাংশ প্ল্যান্টে গরুর গোবর ব্যবহার করা হচ্ছে। তবে হাঁস-মুরগির বর্জ্য ব্যবহার করেও বায়োগ্যাস উৎপাদন করা সম্ভব। তাঁর ভাষ্য, গরুর গোবরের তুলনায় হাঁস-মুরগির বর্জ্য থেকে বেশি গ্যাস উৎপাদন করা যায়। আমিনুল হক বলেন, তিনটি গরু থাকলেই একটি বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন করা সম্ভব। এ গ্যাস ব্যবহারে ধোঁয়া হয় না। ফলে রান্নার কাজে এটি পরিবেশবান্ধব বিকল্প হতে পারে। বায়োগ্যাস শুধু নিজেদের ব্যবহারের জন্য নয়, বাণিজ্যিকভাবেও কাজে লাগানো সম্ভব। বিভিন্ন এলাকায় প্রতি সংযোগ থেকে মাসে এক হাজার থেকে দেড় হাজার টাকা আয়ের তথ্য রয়েছে তাঁদের কাছে। এভাবে গ্যাস সরবরাহ করে মাসে ভালো আয় করা সম্ভব। এ ছাড়া প্ল্যান্ট থেকে উৎপাদিত জৈব সার জমিতে ব্যবহার করা যায়, পাশাপাশি বিক্রিও করা যায়। প্রতিমন্ত্রী বলেন, ভালোভাবে নির্মাণ করা হলে একটি বায়োগ্যাস প্ল্যান্ট থেকে টানা ৪০ বছর সুবিধা পাওয়া সম্ভব। এ খাতে উদ্যোক্তাদের ঋণ দেওয়ার ক্ষেত্রেও সরকার সহযোগিতা করতে চায়। প্রয়োজনে ১০ লাখ টাকার বেশি ঋণ দেওয়ার প্রস্তুতি রয়েছে। ঋণ পরিশোধের রেকর্ড ভালো হলে ঋণের পরিমাণ আরও বাড়ানোর সুযোগ থাকবে। যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে অনুষ্ঠিত এ কর্মসূচিতে যুবকদের মধ্যে চেক বিতরণ করেন প্রতিমন্ত্রী মো. আমিনুল হক।

'অতি প্রবল ঘূর্ণিঝড়ে' রূপ নিয়েছে

দিকে মোড় নেওয়ার আশঙ্কা রয়েছে। ঘূর্ণিঝড়টির প্রভাবে উড়িষ্যার বিভিন্ন এলাকায় ভারী বৃষ্টি ও ঝোড়ো হাওয়া শুরু হয়েছে। পরিস্থিতি মোকাবিলায় সতর্কতা জারি করেছে রাজ্য প্রশাসন।উড়িষ্যার ছয় জেলায় কমলা সতর্কতাঘূর্ণিঝড় অর্ণবের প্রভাবে উড়িষ্যায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে ভারতের আবহাওয়া অধিদপ্তর। রাজ্যটির ছয় জেলায় কমলা সতর্কতা জারি করা হয়েছে। জেলাগুলো হলো পুরী, গজপতি, গঞ্জাম, রায়গড়া, কোরাপুট ও মালকানগিরি। এসব এলাকায় ১২ থেকে ২০ সেন্টিমিটার পর্যন্ত বৃষ্টি হতে পারে।এ ছাড়া আরও ১৬টি জেলায় হলুদ সতর্কতা জারি করা হয়েছে। এসব এলাকায় সাত থেকে ১১ সেন্টিমিটার বৃষ্টির পূর্বাভাস রয়েছে। জেলাগুলো হলো বালাসোর, ভদ্রক, যাজপুর, কেন্দ্রাপাড়া, কটক, কেওনঝড়, ময়ূরভঞ্জ, কন্ধমাল, কালাহান্ডি, নবরংপুর, খুরদা, নয়াগড়, জগৎসিংহপুর, নুয়াপাড়া, বালাঙ্গির ও বৌধ। ৪৮ হাজার মানুষকে সরানোর উদ্যোগঘূর্ণিঝড় মোকাবিলায় উপকূলীয় ও ঝুঁকিপূর্ণ এলাকার বাসিন্দাদের নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার উদ্যোগ নিয়েছে উড়িষ্যা সরকার । রাজ্যের বিশেষ ত্রাণ কমিশনার রাজেশ পি পাতিল জানিয়েছেন, নিচু এলাকা ও ভূমিধসের ঝুঁকিতে থাকা অঞ্চল থেকে অন্তত ৪৮ হাজার মানুষকে সরিয়ে নেওয়ার পরিকল্পনা করা হয়েছে।গজপতি ও নবরংপুর জেলা থেকে প্রায় ১১ হাজার করে মানুষকে সরিয়ে নেওয়ার পরিকল্পনা রয়েছে। এ ছাড়া মালকানগিরি, গঞ্জাম, কোরাপুট, রায়গড়া, কালাহান্ডি ও নুয়াপাড়া জেলাতেও চলছে উদ্ধার ও সরিয়ে নেওয়ার কার্যক্রম। খুরদা জেলায় স্কুল বন্ধঘূর্ণিঝড়ের প্রভাব মোকাবিলায় উড়িষ্যার খুরদা জেলার সব স্কুল বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। জেলা প্রশাসনের নির্দেশ অনুযায়ী, ২৭ অক্টোবর দুপুর ১টা থেকে ২৮ অক্টোবর পর্যন্ত সরকারি, সরকার-সহায়তাপ্রাপ্ত ও বেসরকারি স্কুল বন্ধ থাকবে। কিন্ডারগার্টেন থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সব শিক্ষাপ্রতিষ্ঠান এ নির্দেশের আওতায় রয়েছে। ঘূর্ণিঝড়ের সম্ভাব্য প্রভাব মোকাবিলায় স্কুল ভবন ও প্রয়োজনীয় ব্যবস্থা প্রস্তুত রাখার নির্দেশও দেওয়া হয়েছে।উপকূলে আঘাতের আগে বাড়ছে উদ্বেগঘূর্ণিঝড় অর্ণব অন্ধ্র প্রদেশ উপকূলের দিকে এগিয়ে যাওয়ায় ভারতের পূর্ব উপকূলের রাজ্যগুলোতে সতর্কতা বাড়ানো হয়েছে।ভারী বৃষ্টি ও প্রবল বাতাসের কারণে নিচু এলাকায় জলাবদ্ধতা এবং যোগাযোগব্যবস্থায় বিঘ্ন ঘটার আশঙ্কা রয়েছে। ঝুঁকিপূর্ণ এলাকার বাসিন্দাদের সতর্ক থাকতে এবং স্থানীয় প্রশাসনের নির্দেশ মেনে চলতে বলা হয়েছে।ঘূর্ণিঝড়টির গতিপথ ও শক্তির পরিবর্তনের ওপর নজর রাখছে ভারতের আবহাওয়া অধিদপ্তর। উপকূলে আঘাত হানার সময় ও এর সম্ভাব্য প্রভাব সম্পর্কে পরবর্তী পূর্বাভাসের জন্য অপেক্ষা করছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

চাহিদার ৩০ ভাগ বিদ্যুৎ সরবরাহে

কেন্দ্রটি বন্ধ হলেও পায়রা ও ভোলাসহ বরিশাল অঞ্চল থেকে জাতীয় গ্রিডে ৩ হাজার মেগাওয়াটেরও বেশি বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছিল। কিন্তু জাতীয় গ্রিড থেকে এ অঞ্চলের সাড়ে ৮শ মেগাওয়াট চাহিদার বিপরীতে এক পর্যায়ে সরবরাহ ২শ মেগাওয়াটেরও নিচে নামিয়ে আনা হয়। ফলে এ অঞ্চলের শিল্প উৎপাদন প্রায় সম্পূর্ণই বন্ধ হয়ে যাবার পাশাপাশি ব্যবসা-বাণিজ্যেও ভয়াবহ বিপর্যয় নেমে এসেছে। সদ্য সমাপ্ত দুটি পূজা-পার্বণে বিদ্যুৎ সরবরাহ পরিপূর্ণ নির্বিঘ্ন থাকলেও রোববার লক্ষ্মীপূজা সম্পন্নের পরে সোমবার থেকেই বরিশাল অঞ্চলে আবার লোডশেডিং ফিরে এসেছে। এ অঞ্চলে ডে-পিক ও নাইট-পিক আওয়ারে সাড়ে ৮শ মেগাওয়াট চাহিদার বিপরীতে সরবরাহ সাড়ে ৬শ মেগাওয়াটে নেমে এলেও মঙ্গলবার দুপুর ১২টা থেকে পরিস্থিতি আরো ভয়াবহ আকার ধারণ করতে থাকে। এক পর্যায়ে চাহিদার মাত্র ৩০ ভাগ বিদ্যুৎ সরবরাহ করা হয় জাতীয় গ্রিড থেকে। দুপুর ২টার পরে বরিশাল মহানগরীসহ ঝালকাঠী জেলা সদরে প্রায় ১শ মেগাওয়াট চাহিদার বিপরীতে সরবরাহ মাত্র ২৮ মেগাওয়াটে হ্রাস করা হয়। বিকেল সাড়ে ৪টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত বরিশাল মহানগরীসহ সন্নিহিত এলাকায় ১১০ মেগাওয়াট চাহিদার বিপরীতে সরবরাহ ছিল ৭০ মেগাওয়াটেরও কম। দুপুরের দুঃসহ গরমে পরিস্থিতি এতটাই ভয়াবহ আকার ধারণ করে যে, হাসপাতালগুলোর বেডে অনেক মুমূর্ষু রোগী রোগ যন্ত্রণায় কাতরালেও বিদ্যুৎ তাদের ক্ষমা করেনি। পরিস্থিতি সামলে ৪টা থেকে বিদ্যুৎ সরবরাহ চাহিদার ৬০ ভাগে উন্নীত করা সম্ভব হয়েছে বলে জানা গেছে। রাতের মধ্যেই তালতলীর সাড়ে ৩শ মেগাওয়াটের তাপ বিদ্যুৎ কেন্দ্রটি উৎপাদনে ফেরার কথা রয়েছে। ফলে জাতীয় গ্রিডে এ অঞ্চল থেকে আরো সাড়ে ৩শ মেগাওয়াট বিদ্যুৎ যুক্ত হলেও বরিশাল অঞ্চলে সরবরাহ কতটা উন্নতি ঘটবে, তা বলতে পারেননি সরবরাহ ও বিতরণ কোম্পানি ওজোপাডিকো, আরইবি এবং সঞ্চালন কোম্পানি পিজিসিবি'র দায়িত্বশীল মহল। তবে রাতভরই সমগ্র বরিশাল অঞ্চলে বিদ্যুৎ ঘাটতি অব্যাহত থাকার বিষয়ে অলিখিত বার্তা দিয়ে রেখেছেন নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক সূত্র।

সাঈদী রাজাকার ছিলেন না

চান মিয়া পশারী তার ভাষায় বলেন, 'দেলাওয়ার হোসাইন সাঈদী রাজাকার ছেলে (ছিল) না। সেসময় অনেক ছোট ছেলে সাঈদী। রাজাকার ছেলে রামেস মোল্লা, মোসলেম মাওলানা, সেকেন্দার শিকদার–এরা।'তিনি আরও বলেন, 'আমারে কেউ টাকার লোভ দেখায় নাই। ভাই রাজি হইছে কি-না আমি জানি না।' মানিক পশারী মুক্তিযোদ্ধা ছিলেন কি-না, এমন প্রশ্নের জবাবে চান মিয়া পশারী উত্তর দেন, 'তখন আমার ভাই মেট্রিক পাস। আমরা ওই সময় ছোট। আমরা জঙ্গলে যাইয়া পলাইছি।'তিনি আরও বলেন, 'আমি মুক্তিযোদ্ধা কিন্তু মুক্তিযোদ্ধায় আমার নাম আমার ভাই দেয় নাই। কেন নাম দেয় নাই সে ভালো বলতে পারে। আমরা পাঁচটা ভাইয়ের মধ্যে ছোট ভাইও গুল্লি দেছে (গুলি করছে)। আমার ভাই যারে যারে ভালো লাগছে, তারে তারে মুক্তিযোদ্ধায় নাম দেছে। আমার নামটা দেয় নাই। কারণ সাঈদীর ভালো বলছি এই কারণে।'চান মিয়া পশারী বলেন, 'আমার ভাই দুই টাকা দিয়া কোনোসময় সাহায্য করে নাই। সাঈদীর গুণগান কইরা আসছি, এই কারণে মুক্তিযুদ্ধে আমার নাম আমার ভাই দেয় নাই। আমি যদি সাঈদীর কথা ভালো না বলতাম, তাহলে তো আমার নামটা মুক্তিবাহিনীতে থাকত।'তবে একই প্রশ্নের জবাব মানিক পশারীর বোন হাসিনা বেগম বলেন, 'আমরা সবাই আওয়ামী লীগ, সবাই মুক্তিযোদ্ধা। আমাগো ঘোড়াঘাট সব আওয়ামী লীগ।' মানিক পশারী টাকার বিনিময়ে মিথ্যা সাক্ষ্য দিয়েছেন–এমন অভিযোগ প্রসঙ্গে ঠাট্টা করে তিনি বলেন, 'হয়, আমার ভাইরে ছালা ছালা টাহা দেছে একছের। টাহার? ব?ইন্যা হইয়া গেছে।'মাওলানা দেলাওয়ার হোসাইন সাঈদী যুদ্ধাপরাধী ছিলেন কি-না–এমন প্রশ্নের জবাবে হাসিনা বেগম বলেন, 'আমি কিছু জানি না, আমার ভাই জানে।'অন্যদিকে দেলাওয়ার হোসাইন সাঈদীকে 'আল্লাহর ওলি' হিসেবে উল্লেখ করেছেন মানিক পশারীর আরেক বোন হেনা পশারী।

আগামী শিক্ষাবর্ষে চতুর্থ শ্রেনী থেকে

প্রতিহিংসা, দল মত নির্বিশেষে একটি সুন্দর ঐক্যবদ্ধ জাতি ও সুন্দর একটি সমাজ গড়ে তুলতে পারব। ক্রিড়া প্রতিমন্ত্রী আরো বলেন, খেলাধুলাকে পেশা হিসেবে প্রতিষ্ঠার জন্য ক্রীড়া ভাতা, ক্রীড়া কার্ড প্রদান করছে সরকার। নতুন কুড়ি এসপোর্সের মাধ্যমে বাংলাদেশের আনাচে কানাজে ছড়িয়ে ছিটিয়ে থাকা প্রতিভাবান খেলোয়ারড়দে মধ্য থেকে জাতীয় খেলোয়ার তৈরীর পরিকল্পনা হাতে নেয়া হয়েছে। তিনি বলেন, বর্তমান সরকার খেলাধুলার জন্য ৪ হাজার ৫৯৯ টি ইউনিয়নে একটি করে খেলার মাঠ তৈরি করার পরিকল্পনা হাতে নিয়ছে। প্রতিটি ইউনিয়ন একটি করে খেলার মাঠ তৈরির জন্য সকলকে নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়াও উপজেলা পর্যায়ে উপজেলা স্টেডিয়ামের কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে ২০১ টি উপজেলা স্টেডিয়ামের কার্যক্রম চলমান। পর্যায়ক্রমে ৫০৩ টি উপজেলায় আগামী পাঁচ বছরের মধ্যে উপজেলা স্টেডিয়াম তৈরি করা হবে বলে জানান তিনি। সভাপতির বক্তব্যে বিসিসি প্রশাসক অ্যাডভোকেট বিলকিস জাহান শিরিন বলেন, বরিশাল সিটি কর্পোরেশন নগরবাসীর জন্য সুস্থ বিনোদন ও ক্রীড়া সংস্কৃতি ফিরিয়ে আনতে বদ্ধপরিকর। কবি জীবনানন্দ দাশ স্টেডিয়ামকে কেন্দ্র করে নিয়মিত ক্রীড়া আয়োজন অব্যাহত রাখা হবে। পুরস্কার বিতরণ শেষে যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী কবি জীবনানন্দ দাশ স্টেডিয়াম ঘুরে দেখেন এবং এর অবকাঠামোগত উন্নয়নমূলক কাজের খোঁজ-খবর নেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বরিশাল বিভাগীয় কমিশনার খলিল আহমেদ, জেলা প্রশাসক মামুন খন্দকার, বরিশাল মেট্রোপলিটন পুলিশের কমিশনার আবু রায়হান মোহাম্মদ সালেহ, বিসিসির ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা রুম্পা শিকদার, বরিশাল জেলা দক্ষিণ বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট আবুল কালাম শাহিন ও প্রশাসকের একান্ত সচিব মুশফিকুল হাসান মাসুমসহ বিএনপি ও অঙ্গসংগঠনের স্থানীয় নেতৃবৃন্দ। বিসিসি প্রশাসক কাপ ফুটবল টুনামেন্টে মোট ১৬ টি দল অংশ গ্রহন করে। এর মধ্যে গতকাল ফাইনালে শের-ই বাংলা একাদশ বনাম তারুণ্যের একাদশের মধ্যে খেলা অনুষ্ঠিত হয়। খেলায় ২-০ গোলে শের ই বাংলা একাদশ চ্যাম্পিয়ন হয়। ফাইনাল খেলার পুরস্কার বিতরনী অনুষ্ঠানে বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক বিলকিস জাহান শিরীন, বিভাগীয় কমিশনার খলিল আহমেদ, পুলিশ কমিশনার, জেলা প্রশাসক সহ ঊর্ধত্বর্ন কর্মকর্তারক উপস্থিত ছিলেন।

এইচএসসির ফল

সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের ওয়েবসাইট ও অনলাইনে একযোগে ফল প্রকাশ করা হবে। যেভাবে অনলাইনে ফল জানা যাবেশিক্ষা বোর্ডের ফলাফলবিষয়ক ওয়েবসাইট https://eduboardresults.gov.bd এবং https://educationboardresults.gov.bd থেকে ফল জানা যাবে। এছাড়া সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকেও ফল সংগ্রহ করা যাবে।প্রতিষ্ঠানপ্রধানদের নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠানের ফলাফল ডাউনলোড করে প্রকাশের জন্য নির্ধারিত ওয়েবসাইটের ‘Result’ কর্নারে ক্লিক করে বোর্ড ও প্রতিষ্ঠানের ইআইআইএন (EIIN) নম্বরের মাধ্যমে ফল সংগ্রহ করতে বলা হয়েছে। পরীক্ষার্থীরা নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠান থেকেও ফল সংগ্রহ করতে পারবেন। এসএমএসে ফল জানার নিয়ম মোবাইল ফোনে এসএমএস পাঠিয়েও ফল জানা যাবে। এজন্য মেসেজ অপশনে গিয়ে ইংরেজিতে HSC লিখে একটি স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর, এরপর একটি স্পেস দিয়ে রোল নম্বর এবং আরেকটি স্পেস দিয়ে পরীক্ষার বছর লিখে ১৬১৪০ নম্বরে পাঠাতে হবে। উদাহরণ হিসেবে, ঢাকা বোর্ডের ১২৩৪৫৬ রোল নম্বরের পরীক্ষার্থীকে HSC Dha ১২৩৪৫৬ ২০২৬ লিখে ১৬১৪০ নম্বরে এসএমএস পাঠাতে হবে। পুনর্নিরীক্ষণের আবেদন ১ নভেম্বর থেকেপ্রকাশিত ফল পুনর্নিরীক্ষণ ও উত্তরপত্র পুনর্মূল্যায়নের জন্য আগামী ১ নভেম্বর থেকে ৭ নভেম্বর পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। এ-সংক্রান্ত আবেদনপ্রক্রিয়া ও নির্দেশনা শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইটে প্রকাশ করা হবে। বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়েছে, শিক্ষা বোর্ড, শিক্ষা মন্ত্রণালয় বা পত্রিকা অফিসে সরাসরি কোনো ফলাফল পাওয়া যাবে না।

নাজিরপুরে প্রাথমিক শিক্ষক সমিতিতে

রুবানা আক্তার অভিযোগ করেন, সাধারণ শিক্ষকেরা বিভিন্ন প্রয়োজনে সভাপতির কাছে গেলে তিনি তাদের টাকা দেওয়ার প্রস্তাব দেন। ডিপিএড বা পিটিআই প্রশিক্ষণে শিক্ষকদের নাম পাঠানো কিংবা তালিকা থেকে নাম বাদ দেওয়ার ক্ষেত্রেও মোটা অঙ্কের টাকা দাবি করা হয় বলে তার অভিযোগ। সমিতির সদ্য ঘোষিত সভাপতি মো. জামিল হোসেন জানান, ২০২৫ সালের ৩১ জানুয়ারি উপজেলা কমিটি গঠনের পর থেকে সভাপতি কোনো কার্যনির্বাহী সভা আহ্বান করেননি। কমিটিকে উপেক্ষা করে এককভাবে সিদ্ধান্ত নেওয়ায় সংগঠনের কার্যক্রম স্থবির হয়ে পড়েছে এবং ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে বলে দাবি করেন তিনি। এ কারণে কেন্দ্রীয় কমিটির কাছে আনুষ্ঠানিকভাবে অনাস্থা প্রস্তাব পাঠানো হয়েছে বলেও জানান জামিল হোসেন। বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির সভাপতি মো. আবুল কাশেম অনাস্থা প্রস্তাব পাওয়ার বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, নাজিরপুর উপজেলা সভাপতির বিরুদ্ধে আনা অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া যাচ্ছে। তার কর্মকাণ্ডে কেন্দ্রীয় কমিটি অসন্তুষ্ট এবং শিগগিরই সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হতে পারে। তবে অনাস্থা প্রস্তাব নিয়ে সমিতির সদস্যদের মধ্যেও মতবিরোধ দেখা দিয়েছে। সমিতির সমাজকল্যাণ সম্পাদক শশাঙ্ক হীরা, সমবায় সম্পাদক হুমায়ুন রাজীব ও সদস্য মিলন শীল অভিযোগ করেন, অনাস্থা প্রস্তাবে তাদের নাম ব্যবহার করে স্বাক্ষর জাল করা হয়েছে। অন্যদিকে, যোগাযোগ সম্পাদক মো. মনিরুজ্জামান ফারুক, শিক্ষা সম্পাদক কাজী শামীম ও সদস্য মো. নান্না মিয়া দাবি করেন, জোরপূর্বক ও বিভ্রান্তিকর তথ্য দিয়ে তাদের স্বাক্ষর নেওয়া হয়েছিল। সংস্কৃতি ও বিনোদন সম্পাদক প্রণব পার্থ হাজরা এবং সহ-মহিলা বিষয়ক সম্পাদক শিল্পী কর্মকারের অভিযোগ, সমিতির সভার কথা বলে তাঁদের ভুল বুঝিয়ে স্বাক্ষর নেওয়া হয়। এসব অভিযোগকে ভিত্তিহীন, জালিয়াতিপূর্ণ ও ষড়যন্ত্রমূলক দাবি করে সংশ্লিষ্ট শিক্ষকনেতা ও সদস্যরা কেন্দ্রীয় কমিটির কাছে লিখিত প্রতিবাদ জানিয়েছেন। সমিতির সভাপতি এ কে এম ফয়সাল আলম অনাস্থা প্রস্তাবের বিষয়ে অবগত থাকার কথা স্বীকার করে অভিযোগগুলো অস্বীকার করেছেন। তিনি বলেন, তার বিরুদ্ধে আনা অভিযোগ সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন। তিনি ষড়যন্ত্রের শিকার হয়েছে। এদিকে, সমিতির নেতৃত্ব নিয়ে বিরোধের ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন স্থানীয় অভিভাবক ও সচেতন মহলের অনেকে। তাদের মতে, শিক্ষকদের সংগঠনকেন্দ্রিক বিরোধের প্রভাব যেন শ্রেণিকক্ষের পাঠদান ও শিক্ষার্থীদের শিক্ষার পরিবেশে না পড়ে, সে বিষয়ে সংশ্লিষ্টদের সতর্ক থাকা প্রয়োজন।

আমতলীতে ইয়াবাসহ এক

ওই অভিযানে অংশ নেন। অভিযানকালে মো. আমিনুর ওরফে আকাশ (২৬) নামের এক ব্যক্তিকে হাতেনাতে আটক করা হয়। এ সময় তার কাছ থেকে ৪০০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। আটককৃত আকাশ আমতলী পৌরসভার দক্ষিণ-পশ্চিম আমতলীর মো. মোতাহার হাওলাদার এর ছেলে। আমতলী থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. ইয়াকুব হোসাইন জানান, এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজুর মাধ্যমে আদালতে প্রেরন করা হয়েছে। মাদকের বিরুদ্ধে আমাদের অভিযান অব্যাহত থাকবে।

মাদকমুক্ত ও পরিচ্ছন্ন ভাণ্ডারিয়া গড়ে

ভাণ্ডারিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) দেওয়ান জগলুল হাসান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. ইব্রাহীম মোল্লা, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মনির হোসেন আকন, পৌর বিএনপির আহ্বায়ক মো. মান্নান হাওলাদার, উপজেলা বিএনপি’র সাংগনিক সম্পাদক আবুল কালাম মলাদ জোমাদ্দার, সমাজ সেবক মো. জুলফিকার হায়দার হাওলাদার, উপজেলা যুবদলে সদস্য সচিব মো. শামীম হাওলাদারসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সুধীজন। মতবিনিময় সভা শেষে জেলা প্রশাসক মো. গোলাম রব্বানী উপজেলা পরিষদ চত্বরে বৃক্ষরোপণ করেন। পরে তিনি ভাণ্ডারিয়া পৌরসভা, উপজেলা ভূমি অফিস, গৌরীপুর ভূমি অফিস ও গৌরীপুর ইউনিয়ন পরিষদ পরিদর্শন করেন।

সরকারি ৪ শতাধিক গাছ কাটার

প্রশস্তকরণের কাজ চলছে। এ জন্য সড়কের পাশের কিছু গাছ কাটার প্রয়োজন দেখা দিলে উপজেলা রেঞ্জ কর্মকর্তাকে চিঠি দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও)। চিঠিতে কাটার উপযোগী গাছের সংখ্যা ও সম্ভাব্য মূল্য নির্ধারণের নির্দেশনা দেওয়া হয়। উপজেলা রেঞ্জ কর্মকর্তা আবদুল্লাহ আল মামুন জানান, নির্দেশনা অনুযায়ী সরেজমিন পরিদর্শন করে ২৪টি গাছ কাটার প্রয়োজনীয়তা ও সেগুলোর দরপত্রমূল্য নির্ধারণ করা হয়। পরে এ বিষয়ে ইউএনওর কার্যালয়ে চিঠি দেওয়া হয়েছে। তবে গাছগুলো বন বিভাগের মালিকানাধীন নয় বলে জানান তিনি। স্থানীয় একাধিক সূত্রের দাবি, রেইনট্রি, মেহগনি ও চাম্বুলসহ বিভিন্ন প্রজাতির চার শতাধিক গাছ ইতোমধ্যে কেটে ফেলা হয়েছে। এসব গাছের আনুমানিক বাজারমূল্য প্রায় ৫০ লাখ টাকা। অভিযোগ রয়েছে, কাটা গাছের অধিকাংশ রাতের আঁধারে কাভার্ড ভ্যানে করে দেশের বিভিন্ন জেলায় পাঠানো হয়েছে। কিছু গাছ স্থানীয় ব্যবসায়ীদের কাছেও বিক্রি করা হয়েছে। আবার কিছু গাছ স্থানীয় মনিরের করাতকলে রেখে বিক্রি করা হচ্ছে। স্থানীয়দের অভিযোগ, কাটা গাছের চিহ্ন আড়াল করতে অনেক গাছের গোড়া সড়কের চলমান কাজের মাটি দিয়ে ঢেকে দেওয়া হয়েছে। কিছু গাছ গোড়াসহ উপড়ে ফেলার অভিযোগও রয়েছে। গাছ কাটা ও বিক্রিতে সহযোগিতার অভিযোগ উঠেছে স্থানীয় করাতকল মালিক মো. মনিরের বিরুদ্ধেও। এ বিষয়ে জানতে চাইলে তিনি জানান, রমাগঞ্জ ইউনিয়ন যুবদল নেতা জসিম মাস্টার ও মাসুম বিল্লাহর কথামতো গাছ কাটার শ্রমিক ঠিক করে দিয়েছিলেন তিনি। তবে নিজে কোনো গাছ কাটেননি বলে দাবি করেন মনির। গাছ কাটার শ্রমিক মো. মামুন বলেন, ‘আমি পারিশ্রমিকের বিনিময়ে গাছ কাটার কাজ করি। জসিম মাস্টারের নির্দেশে কর্তারহাট-রমাগঞ্জ সড়কের পাশ থেকে গাছ কেটেছি।’ অভিযোগের বিষয়ে বক্তব্য জানতে রমাগঞ্জ ইউনিয়ন যুবদল নেতা মো. জসিম উদ্দিনের মুঠোফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি।

ঝালকাঠিতে মৎস্য বিভাগের দলের ওপর

ঝালকাঠি সদর হাসপাতালে চিকিৎসা নিয়েছেন। জেলা মৎস্য বিভাগ জানায়, সোমবার রাত সাড়ে তিনটার দিকে স্পিডবোট ও ইঞ্জিনচালিত ট্রলার নিয়ে সুগন্ধা নদীতে অভিযান শুরু হয়। নলছিটি এলাকায় অভিযান শেষে ফেরার পথে কুমারখালীর জাঙ্গালিয়া এলাকায় তাদের পথ আটকে দেওয়া হয়। পরে ১২টি ইঞ্জিনচালিত নৌকা থেকে রামদা ও লাঠি নিয়ে হামলা চালানো হয় বলে অভিযোগ রয়েছে। জেলা মৎস্য কর্মকর্তা মো. এনামুল হক বলেন, ইলিশ রক্ষায় নিয়মিত অভিযানের অংশ হিসেবে তাদের একটি দল সুগন্ধা নদীতে অভিযান চালিয়ে ফিরছিল। এ সময় দলের সদস্যদের ওপর হামলা চালানো হয়। এতে সাতজন আহত হয়েছেন। তিনি বলেন, হামলাকারীরা নৌযানের চালক ও মাঝিকে মারধর করেন। রামদা দেখিয়ে ভবিষ্যতে অভিযানে না আসার হুমকিও দেন। এ সময় মাঝিদের কান ধরে ওঠবস করানো হয়, যাতে তারা পরে আর অভিযানে সহযোগিতা না করেন। এনামুল হক বলেন, এ ঘটনা জেলা প্রশাসন ও পুলিশকে মৌখিকভাবে জানানো হয়েছে। এ ঘটনায় আইনি ব্যবস্থা নেওয়া হবে।

নির্বাচনি সহিংসতা ও চোখ উৎপাটন

বছর করে সশ্রম কারাদণ্ড ও এক হাজার টাকা করে জরিমানা অনাদায়ে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন বিচারক। সন্ত্রাসবিরোধী বিশেষ ট্রাইব্যুনালের সরকারি আইন কর্মকর্তা (পিপি) কাজী বসির উদ্দিন ও ট্রাইব্যুনালের বেঞ্চ সহকারী হুমায়ুন কবির এই তথ্য নিশ্চিত করেছেন। তারা জানান, দণ্ডিতরা একই বংশের এবং পরস্পর নিকট আত্মীয়। তারা উজিরপুর উপজেলার শোলক গ্রামের বাসিন্দা। রায় ঘোষণার পর আসামিদের আদালত থেকে বরিশাল কেন্দ্রীয় কারাগারে নিয়ে যাওয়া হয়েছে। আদালত সূত্রে জানা গেছে, দণ্ডপ্রাপ্ত সেলিম সিকদার ২০১১ সালে শোলক ইউনিয়ন পরিষদের ৭ নম্বর ওয়ার্ডের মেম্বার প্রার্থী ছিলেন। সেই নির্বাচনে প্রতিপক্ষের হয়ে কাজ করেন একই গ্রামের ইউনুস আকন। এ নিয়ে দুপক্ষের মধ্যে বিরোধ সৃষ্টি হয়। এর জের ধরে একই বছরের ১৪ এপ্রিল সন্ধ্যা সাড়ে ৬টার দিকে ইউসুফ আকনকে ধরে হাত-পা বেঁধে নিজেদের বাড়িতে নিয়ে যান সেলিম ও বাশারসহ তাদের স্বজনরা। পরে ইউসুফের বাম চোখ নষ্ট করে এবং ডান চোখ উপড়ে ফেলে। এই ঘটনায় ভুক্তভোগী ইউসুফ আকনের ভাই ইউনুস আকন বাদী হয়ে ঘটনার পরদিন ১৫ এপ্রিল উজিরপুর মডেল থানায় ১৪ জনের নামে সন্ত্রাসবিরোধী আইনে মামলা দায়ের করেন। একই বছরের ৩১ জুলাই আদালতে অভিযোগপত্র দাখিল করেন উজিরপুর মডেল থানার উপপরিদর্শক মো. শামীম। আদালত ২০ জন সাক্ষীর মধ্যে ১৪ জনের স্বাক্ষ্যগ্রহণ শেষে রায় ঘোষণা করেন। সন্ত্রাসবিরোধী বিশেষ ট্রাইব্যুনালের সরকারি আইন কর্মকর্তা (পিপি) কাজী বসির উদ্দিন বলেন, প্রায় ১৫ বছর পরে মামলাটির রায় হয়েছে। আদালতের এই রায়ে আমরা খুশি। বাদীপক্ষ ন্যায়বিচার পেয়েছে।

রাশিয়ার যুদ্ধে বাংলাদেশিসহ ২৯ দেশের

দেশে সক্রিয় নিয়োগকারী চক্রের সঙ্গে সমন্বয় করে প্রতারণা ও জবরদস্তির মাধ্যমে বিদেশি নাগরিকদের রুশ বাহিনীতে নিয়োগের প্রমাণ পাওয়া গেছে। তাঁদের অনেককে পরে ইউক্রেনের যুদ্ধক্ষেত্রে পাঠানো হয়েছে। এতে কেউ নিহত, আহত, বন্দী কিংবা নিখোঁজ হয়েছেন। জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনে উপস্থাপনের জন্য প্রস্তুত করা প্রতিবেদনে এসব তথ্য তুলে ধরা হয়েছে। ১৯ অক্টোবর প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী, কমিশন ৪৮টি দেশের নাগরিকদের রুশ সশস্ত্র বাহিনীতে নিয়োগের ঘটনা তদন্ত করে ২৯টি দেশের নাগরিকদের ক্ষেত্রে প্রতারণা বা জবরদস্তির প্রমাণ পেয়েছে। তালিকায় বাংলাদেশ ছাড়া রয়েছে ভারত, শ্রীলঙ্কা, নেপাল, ফিলিপাইন, ঘানা, নাইজেরিয়া, কেনিয়া ও উজবেকিস্তানসহ এশিয়া, আফ্রিকা, ইউরোপ ও লাতিন আমেরিকার বিভিন্ন দেশ। প্রতিবেদনে বলা হয়েছে, প্রতারণা বা জবরদস্তির শিকার ব্যক্তিরা সবাই পুরুষ। তাঁদের বয়স ১৮ থেকে ৬০ বছরের মধ্যে। অধিকাংশই অর্থনৈতিকভাবে অসচ্ছল, প্রান্তিক জনগোষ্ঠীর সদস্য এবং সীমিত শিক্ষার সুযোগ পাওয়া মানুষ। তাঁদের আর্থিক দুর্বলতার সুযোগ নিয়ে রাশিয়ায় আকর্ষণীয় বেতনের চাকরির প্রস্তাব দেওয়া হতো। বাংলাদেশি নাগরিকদের বিষয়ে তদন্ত কমিশন রাশিয়ায় যাওয়ার জন্য ব্যবহৃত কয়েকটি ব্যবসায়িক ভিসার অনুলিপি সংগ্রহ করেছে। প্রতিবেদনে বলা হয়েছে, এসব ভিসার মাধ্যমে রাশিয়ার একটি বেসামরিক প্রতিষ্ঠান বাংলাদেশি নাগরিকদের আমন্ত্রণ জানিয়েছিল। কাগজপত্রে ভ্রমণের উদ্দেশ্য বেসামরিক হিসেবে দেখানো হলেও কমিশনের সামগ্রিক তদন্তে দেখা গেছে, এ ধরনের ব্যবস্থার আড়ালে বিদেশি নাগরিকদের রুশ সামরিক বাহিনীতে নিয়োগের ঘটনা ঘটেছে। কমিশনের অনুসন্ধান অনুযায়ী, বিভিন্ন দেশে সক্রিয় নিয়োগকারী এজেন্ট ও সংস্থাগুলো সামাজিক যোগাযোগমাধ্যমসহ নানা মাধ্যমে রাশিয়ায় ভালো বেতনের চাকরির বিজ্ঞাপন দিত। নিরাপত্তাকর্মী, গাড়িচালক, নির্মাণশ্রমিক, মেকানিক, ইলেকট্রিশিয়ান, কারখানার শ্রমিক ও পরিচ্ছন্নতাকর্মীসহ বিভিন্ন পেশায় চাকরির প্রস্তাব দেওয়া হতো। কোনো কোনো ক্ষেত্রে রাশিয়ার নাগরিকত্ব ও অন্যান্য সুযোগ-সুবিধার প্রতিশ্রুতিও দেওয়া হতো। নিয়োগকারী এজেন্টরা নিজেদের বৈধ বা সরকারি অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠান হিসেবে পরিচয় দিত। চাকরির প্রস্তাব বিশ্বাসযোগ্য করে তুলতে বিভিন্ন প্রতিষ্ঠানের আমন্ত্রণপত্র ও অন্যান্য কাগজপত্র দেখানো হতো। এরপর ভিসা, উড়োজাহাজের টিকিট এবং ভ্রমণসংক্রান্ত অন্যান্য ব্যবস্থা করে তাঁদের রাশিয়ায় পাঠানো হতো। কোনো কোনো ক্ষেত্রে এজেন্টরা নিয়োগপ্রত্যাশীদের সঙ্গে রাশিয়ায়ও যেত।

হামলা বন্ধে হুথিদের ১০০ কোটি ডলার

ইসরায়েল হায়োম। তবে অর্থ হস্তান্তরের খবর স্বাধীনভাবে নিশ্চিত করা যায়নি। প্রতিবেদন অনুযায়ী, সৌদি প্রতিরক্ষামন্ত্রী প্রিন্স খালিদ বিন সালমান হুথিদের সঙ্গে যুদ্ধবিরতি নিয়ে আলোচনার জন্য সম্প্রতি ইরানের রাজধানী তেহরান সফর করেন। সেখানে ইরানের মধ্যস্থতায় সম্ভাব্য সমঝোতা নিয়ে আলোচনা হয়। কূটনৈতিক সূত্রের বরাতে প্রতিবেদনে বলা হয়েছে, প্রস্তাবিত ব্যবস্থার আওতায় ইরানের মাধ্যমে হুথিদের ১০০ কোটি ডলার দেওয়ার পরিকল্পনা রয়েছে। একটি সূত্রের দাবি, সৌদি প্রতিরক্ষামন্ত্রী যে সামরিক পরিবহন প্লেনে তেহরানে গিয়েছিলেন, সেই প্লেনেই অর্থ নিয়ে যাওয়া হয়েছিল। তবে সৌদি কর্মকর্তারা অর্থ হস্তান্তরের বিষয়টি নিশ্চিত করেননি। সম্প্রতি সৌদি আরবের বিমানবন্দর ও তেল স্থাপনায় হুথিদের হামলা বেড়েছে। এসব হামলায় দেশটির অর্থনৈতিক ক্ষতি হয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। এ পরিস্থিতিতে সংঘাত থামাতে সৌদি আরব ও হুথিদের মধ্যে মধ্যস্থতার প্রস্তাব দেয় ইরান। প্রতিবেদন অনুযায়ী, তিন বছর আগে হওয়া কিছু সমঝোতার ভিত্তিতে হুথিদের সরাসরি আর্থিক সহায়তা দেওয়ার কথা ছিল সৌদি আরবের। ওই অর্থের একটি অংশ হুথিদের নিয়ন্ত্রণাধীন এলাকায় সরকারি কর্মীদের বেতন দেওয়া এবং বেসামরিক অবকাঠামো পুনর্গঠনে ব্যয় করার পরিকল্পনা ছিল। এর বিনিময়ে হুথিদের যুদ্ধবিরতি বজায় রাখা এবং সৌদি আরবে হামলা বন্ধ করার কথা ছিল। তবে সাম্প্রতিক সময়ে হুথিরা অভিযোগ করেছে, সৌদি আরব আগের সমঝোতা বাস্তবায়ন করেনি। অন্যদিকে, সৌদি আরবের অবস্থান হলো, সামরিক চাপের মুখে নতুন কোনো যুদ্ধবিরতি চুক্তিতে রাজি হবে না দেশটি। ইসরায়েলি সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, তেহরানের আলোচনায় তুরস্কের গোয়েন্দাপ্রধান ইব্রাহিম কালিন ও পাকিস্তানের সেনাপ্রধান আসিম মুনিরও অংশ নেন। এছাড়া উপস্থিত ছিলেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান, দেশটির জাতীয় নিরাপত্তা পরিষদের জ্যেষ্ঠ কর্মকর্তা এবং ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোরের (আইআরজিসি) প্রতিনিধিরা। সৌদি পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে, প্রতিরক্ষামন্ত্রী খালিদ বিন সালমান এবং মক্কা যৌথ প্রতিরক্ষা জোটের সদস্যদেশগুলোর প্রতিনিধিদের তেহরান সফরের উদ্দেশ্য হলো উত্তেজনা কমানো, সংলাপের সুযোগ তৈরি করা এবং কূটনৈতিক সমাধানে সহায়তা করা। বিবৃতিতে কাতার ও পাকিস্তানের মধ্যস্থতার প্রচেষ্টাকেও সমর্থন জানানো হয়। ইসরায়েলি সংবাদমাধ্যমের দাবি, এই বৈঠকের মধ্য দিয়ে মক্কা যৌথ প্রতিরক্ষা জোটের প্রতিনিধিদের সঙ্গে ইরানের নেতৃত্বের প্রথম আনুষ্ঠানিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। সৌদি আরবের এক কর্মকর্তা ইসরায়েলি সংবাদমাধ্যমকে জানিয়েছেন, হুথিদের সঙ্গে বিরোধের একটি বড় কারণ হলো তিন বছর আগের সমঝোতা বাস্তবায়ন নিয়ে মতপার্থক্য। তবে সৌদি আরব নতুন করে অর্থ দেওয়ার আগে কিছু শর্ত পূরণের ওপর জোর দিচ্ছে বলে প্রতিবেদনে বলা হয়েছে। এর মধ্যে রয়েছে, ইয়েমেনের আন্তর্জাতিকভাবে স্বীকৃত সরকারের কাছ থেকে হুথিদের দখল করা এলাকা ফিরিয়ে দেওয়া। সৌদি আরব ওই সরকারকে সমর্থন করে। অন্যদিকে, হুথিরা আগের সমঝোতা বাস্তবায়ন না হওয়ার অভিযোগ তুলে নিজেদের অবস্থানের পক্ষে যুক্তি দেখাচ্ছে। ফলে অর্থের বিনিময়ে যুদ্ধবিরতির সম্ভাবনা তৈরি হলেও দুই পক্ষের মধ্যে মতপার্থক্য রয়ে গেছে।

নিষেধাজ্ঞায় এখনো চাল পাননি

ইউনিয়নের ২ হাজার ৫৯০ জন এবং দশমিনা ইউনিয়নের ২ হাজার ২৫০ জন জেলে এখনো চাল পাননি। জেলেদের অভিযোগ, চেয়ারম্যান ও ইউপি সদস্যদের মধ্যে ভাগ-বাঁটোয়ারা নিয়ে সমঝোতা না হওয়ায় চাল বিতরণে বিলম্ব হচ্ছে। জেলে নন এমন ব্যক্তি এবং জনপ্রতিনিধিদের আত্মীয়স্বজনের নাম তালিকায় অন্তর্ভুক্ত করার চেষ্টা চলছে। প্রতিদিন ইউনিয়ন পরিষদে গিয়েও চাল না পেয়ে হতাশ হয়ে ফিরছেন তাঁরা। নিষেধাজ্ঞার সময় মাছ ধরতে না পারায় পরিবার নিয়ে অর্ধাহারে-অনাহারে দিন কাটছে বলে জানান জেলেরা। দশমিনা ইউনিয়নের জেলে মো. কাশেম, কাওসার ও ইউনুস জানান, ‘অন্য কয়েকটি ইউনিয়নে আগেই চাল বিতরণ করা হয়েছে। তাঁদের ইউনিয়নে তালিকা যাচাই-বাছাইয়ের কথা বলে সময় পার করা হচ্ছে। নিষেধাজ্ঞার আর মাত্র দুই দিন বাকি থাকলেও চাল পাননি তাঁরা।’ রণগোপালদী ইউনিয়নের জেলে মো. সান্টু, জিসান ও জুয়েল জানান, নিষেধাজ্ঞার ২০ দিন পার হলেও চাল পাননি তাঁরা। তালিকা চূড়ান্ত করার কথা বলে বারবার ঘোরানো হচ্ছে। আদৌ চাল পাবেন কি না, তা নিয়েও অনিশ্চয়তায় রয়েছেন। রণগোপালদী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অলিউল ইসলাম রুবেল বলেন, ‘প্রকৃত জেলেদের যাচাই-বাছাই করতে সময় লেগেছে। চূড়ান্ত তালিকা ইউপি সদস্যদের দেওয়া হয়েছে। চাল দেওয়ার কথা থাকলেও তা সম্ভব হয়নি। আগামী বৃহস্পতিবার বিতরণ করা হতে পারে।’ দশমিনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. শাহজাহান বলেন, ‘প্রকৃত জেলেদের নাম যেন বাদ না পড়ে, তাই যাচাই-বাছাই করে তালিকা চূড়ান্ত করা হয়েছে। ২৯ থেকে ৩০ অক্টোবরের মধ্যে চাল বিতরণ করা হবে।’ উপজেলা মৎস্য কার্যালয়ের উপসহকারী মৎস্য কর্মকর্তা আমিরুল ইসলাম জানান, নিষেধাজ্ঞা শুরুর আগেই প্রতিটি ইউনিয়নে চালের বরাদ্দ দেওয়া হয়েছে। বিতরণে বিলম্বের কারণ তাঁর জানা নেই। বিষয়টি উপজেলা নির্বাহী কর্মকর্তাকে জানাবেন। দশমিনা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মাহমুদ হাসান মৃধা বলেন, ‘দ্রুত চাল বিতরণের জন্য চেয়ারম্যানদের নির্দেশনা দেওয়া হয়েছে। দু-এক দিনের মধ্যেই চাল বিতরণ করা হবে। তালিকায় অযোগ্য ব্যক্তি বা জনপ্রতিনিধিদের আত্মীয়স্বজনের নাম থাকার অভিযোগের সত্যতা পাওয়া গেলে ব্যবস্থা নেওয়া হবে।’

ঋণ প্রতিশ্রুতি বেড়ে ১২৭ কোটি ডলার

নিরাপত্তা জোরদারে সহায়ক হবে। ইআরডি জানায়, এই সময়ে বিশ্বব্যাংক, এশীয় উন্নয়ন ব্যাংক, কর্ডোনেশন অ্যান্ড নরডিকের কাছ থেকে নতুন ঋণ-অনুদান প্রতিশ্রুতি নেই। তবে জাপান ৩ দশমিক ৫১ মিলিয়ন, জাতিসংঘ ১৪ মিলিয়ন, ইউরোপ ৬৬ দশমিক ২৫ মিলিয়ন, এশীয়া ৪১ দশমিক ২৯ মিলিয়ন মার্কিন ডলার ঋণ অনুদান প্রতিশ্রুতি দিয়েছে। গত অর্থবছরের একই সময়ে এ প্রতিশ্রুতির পরিমাণ ছিল। সেই হিসেবে এক বছরের ব্যবধানে নতুন বিদেশি সহায়তার প্রতিশ্রুতি বেড়েছে ৩৯ দশমিক ৮ শতাংশ। চলতি অর্থবছরের প্রথম তিন মাসে পাওয়া নতুন প্রতিশ্রুতির মধ্যে ঋণ ছিল ১১৪ কোটি ৭৫ লাখ ৮০ হাজার ডলার এবং অনুদান ছিল ১২ কোটি ৫৪ লাখ ৫০ হাজার ডলার। চলতি অর্থবছরের প্রথম প্রান্তিকে উন্নয়ন সহযোগীদের কাছ থেকে মোট ৬৬ কোটি ২৩ লাখ ১০ হাজার ডলারের বিদেশি সহায়তা ছাড় হয়েছে। সব থেকে বেশি ঋণ অনুদান ছাড় করেছে বিশ্বব্যাংক ১৯৬ মিলিয়ন মার্কিন ডলার। এছাড়া এডিবি ১৬২, ভারত ১০৪, চীন ১৪, রাশিয়া ২০ মিলিয়ন মার্কিন ডলার ছাড় করেছে। চলতি অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময়ে ছাড় হওয়া সহায়তার মধ্যে প্রকল্প সহায়তা ছিল ৬৫ কোটি ২৩ লাখ ১০ হাজার ডলার। এর মধ্যে ঋণ ছিল ৫৪ কোটি ১৭ লাখ ৪০ হাজার ডলার এবং অনুদান ছিল ১১ কোটি ৫ লাখ ৭০ হাজার ডলার। এছাড়া খাদ্য সহায়তা হিসেবে ১ কোটি ডলারের অনুদান ছাড় হয়েছে। এদিকে, চলতি অর্থবছরের প্রথম তিন মাসে বিদেশি ঋণের আসল ও সুদ পরিশোধে বাংলাদেশের ব্যয় হয়েছে ১৩৫ কোটি ১২ লাখ ৩০ হাজার ডলার। গত অর্থবছরের একই সময়ে এ পরিমাণ ছিল ১২৭ কোটি ৯৯ লাখ ৫০ হাজার ডলার। সে হিসাবে এক বছরে বিদেশি ঋণ পরিশোধ বেড়েছে ৫ দশমিক ৬ শতাংশ। ইআরডির হিসাবে, চলতি অর্থবছরের জুলাই-সেপ্টেম্বর সময়ে বিদেশি ঋণের আসল হিসেবে ৮৫ কোটি ৮৯ লাখ ২০ হাজার ডলার পরিশোধ করেছে বাংলাদেশ। গত অর্থবছরের একই সময়ে এ বাবদ ব্যয় হয়েছিল ৮১ কোটি ৬৯ লাখ ৯০ হাজার ডলার। একই সময়ে সুদ পরিশোধের পরিমাণ ৪৬ কোটি ২৯ লাখ ৬০ হাজার ডলার থেকে বেড়ে ৪৯ কোটি ২৩ লাখ ১০ হাজার ডলারে দাঁড়িয়েছে।

যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে বরিশাল জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক হাবিবুল্লাহর নেতৃত্বে নগরীতে আনন্দ র্যালি -কীর্তনখোলা

যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে বরিশাল জেলা নেতা কাজী সজলের নেতৃত্বে নগরীতে আনন্দ র্যালি-কীর্তনখোলা

কাউখালীতে ডেঙ্গুতে প্রাণ

তাঁর মৃত্যু হয়। নিহতের ভাই বেলাল শিকদার জানান, মঙ্গলবার সকালে বিপ্লবের মরদেহ গ্রামের বাড়িতে পৌঁছালে হৃদয়বিদারক পরিস্থিতির সৃষ্টি হয়। স্বজনদের আহাজারিতে শোকাবহ হয়ে ওঠে পুরো এলাকা। মঙ্গলবার বাদ জোহর কুমিয়ান জামে মসজিদ প্রাঙ্গণে তাঁর জানাজা অনুষ্ঠিত হয়। পরে কেউন্দিয়া গ্রামের পারিবারিক কবরস্থানে তাঁকে দাফন করা হয়। পরিবারের একজন কর্মক্ষম সদস্যকে হারিয়ে শোকাহত স্বজনেরা। বিপ্লবের আকস্মিক মৃত্যুতে তাঁর পরিবার ও এলাকাবাসীর মধ্যে গভীর শোকের আবহ বিরাজ করছে।

মঠবাড়িয়ায় ডাকাত সরদার

উল্লেখ করা হয়েছে। এসব মামলায় তার বিরুদ্ধে দণ্ডবিধির ৩৯৫ ও ৩৯৭ ধারায় অভিযোগ রয়েছে। ওই কর্মকর্তা আরও জানান, ইয়াসিন দীর্ঘদিন ধরে গ্রেফতার এড়াতে পালিয়ে বেড়াচ্ছিলেন। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। পরে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য তাকে মঠবাড়িয়া থানায় হস্তান্তর করা হয়েছে। মঠবাড়িয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. রবিউল ইসলাম বলেন, ইয়াসিনের বিরুদ্ধে ডাকাতিসহ একাধিক মামলা রয়েছে। তাকে আদালতে পাঠানো হলে শুনানি শেষে বিচারক কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

ডেঙ্গুতে একদিনে সর্বোচ্চ

নতুন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। তবে কারও মারা যাওয়ার তথ্য পাওয়া যায়নি। রংপুর বিভাগে ১১২ জন এবং ময়মনসিংহ বিভাগে ৯৭ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। এছাড়া সিলেট বিভাগে নতুন ভর্তি রোগীর সংখ্যা ২৬। তবে এ তিন বিভাগে আলোচ্য সময়ে কারও মারা যাওয়ার তথ্য পাওয়া যায়নি। গত ২৪ ঘণ্টায় মারা যাওয়া ১১ জনের মধ্যে ঢাকায় ৩ জন, চট্টগ্রামে একজন, নওগাঁয় একজন, খুলনায় ৩ জন এবং বাগেরহাটে ৩ জন রয়েছেন। চলতি বছরের ১ জানুয়ারি থেকে ২৭ অক্টোবর পর্যন্ত সারা দেশে মোট ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন এক লাখ ২৮ হাজার ২৩৭ জন এবং মারা গেছেন ৪০০ জন। এর মধ্যে সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছেন এক লাখ ২১ হাজার ৪২২ জন এবং বর্তমানে দেশের বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন ৬ হাজার ৪১৫ জন ডেঙ্গুরোগী। গত বছরের একই সময়ের তুলনায় চলতি বছর ডেঙ্গুর বিস্তার ও মৃত্যু দুটোই উল্লেখযোগ্যহারে বেড়েছে। ২০২৫ সালের ১ জানুয়ারি থেকে ২৭ অক্টোবর পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়েছিল ৬৬ হাজার ৪২৩ জন এবং মৃত্যু হয়েছিল ২৬৯ জনের। সে তুলনায় চলতি বছরের একই সময়ে আক্রান্ত ও মৃত্যু উভয়ই প্রায় দ্বিগুণ হয়েছে।

আমাদের পরিচয়

“নুরুল হক নুর” ও তাঁর দল গণঅধিকার পরিষদ। একটা কথা আমি সবসময় বলি, নুর ভাই প্রচণ্ডরকম রাজনীতিজ্ঞান সম্পন্ন। দেইখেন, মিলায়া নিয়েন, ঠিক সময়ে আবারো সে জনতার কাতারে আইসে পড়বে। অতঃপর আবারো পল্টি নিবে। শেষটা সুন্দর হওয়ার সম্ভবনা কম, তবে এখনো ওর আগুন নিভেনাই।

বিরোধী দল কিংবা ক্ষমতাহীন দলের নেতাদর নিয়ে সমালোচনা করা সহজ। কিন্তু এর ফলাফল থাকে প্রায় শূণ্য। “ক্ষমতাকে প্রশ্ন করতে হয়, প্রশ্নহীন মসনদ ফ্যাসিবাদী কাঠামোর স্রষ্টা।” ইন্টেলিকচ্যুয়াল যারা, যারা দেশকে ভালোবাসে, রাজনৈতিক ফায়দা হাসিলের উদ্দেশ্য না নিয়ে। তারা বরাবরই ক্ষমতাকেই প্রশ্ন করে। আমরা তাদের বলি ‘দালাল’। অথচ এতে সরকারের যে কতোটা লাভ হয়, তা তাঁরা বুঝতেই পারেনা। সরকারের সমালোচকদের সকলেই সরকার বিরোধী নয়। তারা অনেকসময় বিরোধীদলেরও বিরোধী (যেমন আমি)। আমাদের পরিচয় হোক “মানুষ পন্থী”।

নাবিল নিশাদ, সমাজচিন্তক

হামে ঝরলো আরও ৭ প্রাণ

কীর্তনখোলা ডেস্ক

দেশে গত ২৪ ঘণ্টায় নতুন করে ১ হাজার ২৩২ জন সন্দেহজনক হাম রোগী শনাক্ত হয়েছে। একই সময়ে নিশ্চিত হামে একজন ও এর উপসর্গ নিয়ে ৬ জনের মৃত্যু হয়েছে। মঙ্গলবার (২৭ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় সন্দেহজনক হামে আক্রান্ত হয়ে ৬ জনের মৃত্যু হয়েছে। বিভাগভিত্তিক তথ্যে দেখা যায়, চট্টগ্রাম ও খুলনায় ২ জন করে এবং ঢাকা ও বরিশালে ১ জন করে মারা গেছেন। এসময়ে নিশ্চিত হামে মৃত্যু হয়েছে একজনের। ২৪ ঘণ্টায় সারাদেশে ১ হাজার ২৩২ জন সন্দেহজনক হাম রোগী শনাক্ত হয়েছে। এর মধ্যে ঢাকা বিভাগে সর্বোচ্চ ৫০৪ জন এবং চট্টগ্রাম বিভাগে ২৪৮ জন রয়েছে। গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হাম রোগী শনাক্তের সংখ্যা ৬৩ জন (যা শুধু ঢাকা বিভাগে শনাক্ত হয়েছে)। এসময়ে হাম রোগীদের মধ্যে নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছেন ১ হাজার ১২৮ জন এবং সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ১ হাজার ৫৪ জন। চলতি বছরের ১৫ মার্চ থেকে ২৬ অক্টোবর সকাল ৮টা পর্যন্ত তথ্য বিশ্লেষণে দেখা যায়, মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ২ লাখ ২৩ হাজার ৭৮৪ জনে। এর মধ্যে মোট নিশ্চিত হাম রোগীর সংখ্যা ২৩ হাজার ৫৪১ জন। এসময়ে মোট সন্দেহজনক হামে আক্রান্ত হয়ে মারা গেছে ১ হাজার ৩৫ জন এবং নিশ্চিত হামে মৃত্যু হয়েছে ১০৫ জনের। একই সময়ে মোট ১ লাখ ৯৯ হাজার ১২৭ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন এবং সুস্থ হয়ে ছাড়পত্র পেয়েছেন ১ লাখ ৯০ হাজার ৯০ জন।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বুধবার ॥ ২৮ অক্টোবর ২০২৬ ॥ ১২ কার্তিক ১৪৩৩

হামলা বন্ধে হুথিদের ১০০ কোটি ডলার দিতে চায় সৌদি আরব: রিপোর্ট

কীর্তনখোলা ডেস্ক

ইয়েমেনের হুথি বিদ্রোহীদের হামলা বন্ধ করতে ১০০ কোটি ডলার দেওয়ার প্রস্তাব দিয়েছে সৌদি আরব। ইরানের মধ্যস্থতায় সম্ভাব্য যুদ্ধবিরতি চুক্তির অংশ হিসেবে এ অর্থ দেওয়ার প্রস্তাব করা হয়েছে বলে জানিয়েছে ইসরায়েলি সংবাদমাধ্যম

৩ এর পাতায় দেখুন

রাশিয়ার যুদ্ধে বাংলাদেশিসহ ২৯ দেশের নাগরিকদের পাচার: জাতিসংঘের প্রতিবেদন

কীর্তনখোলা ডেস্ক

বেসামরিক চাকরির প্রলোভন দেখিয়ে বাংলাদেশসহ ২৯টি দেশের নাগরিকদের রাশিয়ার সশস্ত্র বাহিনীতে নিয়োগের জন্য পাচার করা হয়েছে বলে জানিয়েছে ইউক্রেনবিষয়ক জাতিসংঘের স্বাধীন আন্তর্জাতিক তদন্ত কমিশন। বিভিন্ন

৩ এর পাতায় দেখুন

মাদকমুক্ত ও পরিচ্ছন্ন ভাণ্ডারিয়া গড়ে তোলার আহ্বান জেলা প্রশাসকের

ভাণ্ডারিয়া প্রতিনিধি

মাদক, ডেঙ্গু ও অপরিচ্ছন্নতার বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানিয়েছেন পিরোজপুরের নবাগত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মো. গোলাম রব্বানী। তিনি বলেছেন, পরিচ্ছন্ন পিরোজপুর গড়তে প্রশাসনের উদ্যোগের পাশাপাশি সর্বস্তরের মানুষের আন্তরিক সহযোগিতা প্রয়োজন। মাদকবিরোধী সামাজিক আন্দোলন গড়ে তোলা এবং ডেঙ্গু প্রতিরোধে সবাইকে নিজ নিজ অবস্থান থেকে এগিয়ে আসতে হবে। মঙ্গলবার (২৭ অক্টোবর) দুপুরে পিরোজপুরের ভাণ্ডারিয়ায় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা অডিটরিয়ামে কর্মকর্তা ও সুধীজনের সঙ্গে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ভাণ্ডারিয়া উপজেলা ও পৌরসভার প্রশাসক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. হাসিবুল হাসানের সভাপতিত্বে সভায় আরও বক্তব্য দেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) উজ্জ্বল হালদার

৩ এর পাতায় দেখুন

আমতলীতে ইয়াবাসহ এক মাদক কারবারি গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট

বরগুনার আমতলীতে বিশেষ অভিযানে ৪০০ পিস ইয়াবা ট্যাবলেটসহ এক মাদক কারবারিকে গ্রেফতার করেছে থানা পুলিশ। পুলিশ সুত্রে জানা জায়, ২৬ অক্টোবর দিবাগত রাত ১টা ১৫ মিনিটে আমতলী থানাধীন শাখারিয়া বাসস্ট্যান্ড এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। গোপন সংবাদের ভিত্তিতে আমতলী থানা পুলিশের অফিসার ইনচার্জ এর নেতৃত্বে এসআই মো. মিজানুর রহমান ও এএসআই মো. জসিম উদ্দিন সিকদারসহ সঙ্গীয় ফোর্স

৩ এর পাতায় দেখুন

চার কেজি গাঁজাসহ মাদক কারবারি গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট

বরগুনা সদর উপজেলার ৩নং ফুলঝুড়ি ইউনিয়নের গলাচিপা ব্রিজ সংলগ্ন এলাকা থেকে ৪ কেজি গাঁজাসহ মো. হিরু হাওলাদার (৩২) নামের এক ব্যক্তিকে গ্রেফতার করেছে বরগুনা গোয়েন্দা পুলিশ। সোমবার ২৬ অক্টোবর রাতে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত হিরু হাওলাদার বরগুনা জেলার বেতাগী উপজেলার ৬নং কাজীরাবাদ ইউনিয়নের ৮নং ওয়ার্ডের বকুলতলী গ্রামের মৃত ফারুক হাওলাদারের ছেলে। বরগুনা জেলা গোয়েন্দা পুলিশের ওসি সাজ্জাদ হোসাইন জানান, গোপন সংবাদের ভিত্তিতে বরগুনা সদর থানাধীন ৩নং ফুলঝুড়ি ইউনিয়নের ১নং ওয়ার্ডস্থ গলাচিপা ব্রিজের দক্ষিণ পাশের ঢালে অভিযান চালানো হয়। এ সময় তল্লাশি চালিয়ে তার কাছ থেকে ৪ কেজি গাঁজা উদ্ধার করে তাকে গ্রেফতার করা হয়। এ ঘটনায় গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করে আদালতে সোপর্দ করা হয়েছে।

নাজিরপুরে প্রাথমিক শিক্ষক সমিতিতে দ্বন্দ্ব, পাল্টাপাল্টি অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট

পিরোজপুরের নাজিরপুর উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃত্ব নিয়ে দ্বন্দ্ব প্রকাশ্য রূপ নিয়েছে। সমিতির সভাপতি ও অনাস্থা প্রস্তাবের পক্ষে থাকা সদস্যদের মধ্যে পাল্টাপাল্টি অভিযোগের পাশাপাশি স্বাক্ষর জালিয়াতি ও শিক্ষকদের কাছ থেকে অর্থ দাবির অভিযোগ উঠেছে। এসব বিরোধে সংগঠনের কার্যক্রম ও ভাবমূর্তি ক্ষতিগ্রস্ত হচ্ছে বলে অভিযোগ করেছেন সমিতির কয়েকজন সদস্য। অনাস্থা প্রস্তাবের পক্ষে আবেদনকারী ও সমিতির জ্যেষ্ঠ সহসভাপতি

৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রহমানির রহীম
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত
ইসলাম ও প্রচলিত শিক্ষার অপূর্ব সমন্বয়
লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা
লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল।
LRACM
EIIN: 137732
Code: 20830
আবাসিক অনাবাসিক ডে-কেয়ার
দাখিলে A+ প্রাপ্তদের জন্য আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।
২০২৬ শিক্ষাবর্ষে আলিম শ্রেণিতে বালক-বালিকা পৃথক শাখায় ভর্তি চলছে
যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮৭১৪৮, ০১৭১১-৭৩২২৫৭, ০১৭১৫৪৫২১১৪

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

নির্বাচনি সহিংসতা ও চোখ উৎপাটন একই পরিবারের ৬ জনের কারাদণ্ড

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের উজিরপুরে নির্বাচনি সহিংসতা ও চোখ উৎপাটনের ঘটনার আলোচিত মামলায় একই পরিবারের ছয় আসামিকে পৃথক মেয়াদে কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে তাদের জরিমানাও করা হয়েছে। ঘটনার প্রায় ১৫ বছর পর বরিশাল সন্ত্রাসবিরোধী বিশেষ ট্রাইব্যুনালে বিচারক মোহাম্মদ অলিউল ইসলাম রায় ঘোষণা করেন। রায় ঘোষণার সময় আসামিরা আদালতে উপস্থিত ছিলেন। দণ্ডপ্রাপ্ত ছয় জনের মধ্যে সেলিম সিকদার এবং আবুল বাশার সিকদারকে সাত বছরের সশ্রম কারাদণ্ড, ২৫ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরও তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। এছাড়া ইউনুস সিকদার, আনিস সিকদার, নজরুল সিকদার ও জামাল সিকদারকে এক

৩ এর পাতায় দেখুন

সরকারি ৪ শতাধিক গাছ কাটার অভিযোগ যুবদল নেতার বিরুদ্ধে

কীর্তনখোলা রিপোর্ট

ভোলার লালমোহনে সড়ক প্রশস্তকরণের কাজের সুযোগে সড়কের দুই পাশের চার শতাধিক সরকারি গাছ কেটে নেওয়ার অভিযোগ উঠেছে এক যুবদল নেতার বিরুদ্ধে। স্থানীয়দের দাবি, কেটে নেওয়া এসব গাছের আনুমানিক বাজারমূল্য প্রায় ৫০ লাখ টাকা। দরপত্র ও অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার আগেই গাছ কাটা হচ্ছে বলে অভিযোগ রয়েছে। এ ঘটনায় প্রশাসনের ভূমিকা নিয়েও প্রশ্ন তুলেছেন স্থানীয়রা। এ ঘটনায় রায়চাঁদ উদয়চন্দ্র মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও রমাগঞ্জ ইউনিয়ন যুবদলের সভাপতি মো. জসিম উদ্দিন এবং তার সহযোগী মাসুম বিল্লাহর নাম উঠে এসেছে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) উদ্যোগে উপজেলার কর্তারহাট থেকে রমাগঞ্জ ইউনিয়নের রায়চাঁদ বাজার পর্যন্ত প্রায় পাঁচ কিলোমিটার সড়ক

৩ এর পাতায় দেখুন

এইচএসসির ফল শনিবার বেলা ১১টায়

কীর্তনখোলা ডেস্ক

এইচএসসি ও সমমান পরীক্ষার ফল আগামী শনিবার (৩১ অক্টোবর) বেলা ১১টায় প্রকাশ করা হবে। ফল প্রকাশের পর শিক্ষা বোর্ডের ওয়েবসাইট, সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান এবং মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমে ফল জানা যাবে। মঙ্গলবার (২৭ অক্টোবর) বিকেলে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয় ।এতে বলা হয়, আগামী ৩১ অক্টোবর বেলা ১১টায় ঢাকার আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ফল প্রকাশ অনুষ্ঠানের উদ্বোধনের

৩ এর পাতায় দেখুন

নিষেধাজ্ঞায় এখনো চাল পাননি দশমিনার প্রায় ৫ হাজার জেলে

দশমিনা প্রতিনিধি

পটুয়াখালীর দশমিনা উপজেলায় মা ইলিশ সংরক্ষণে নিষেধাজ্ঞার ২০ দিন পার হলেও সরকারি সহায়তার চাল পাননি ৪ হাজার ৮৪০ জন জেলে। উপজেলার সাতটি ইউনিয়নের মধ্যে পাঁচটিতে চাল বিতরণ করা হলেও রণগোপালদী ও দশমিনা ইউনিয়নের জেলেরা এখনো চাল পাননি। ঘোষণা অনুযায়ী, ৮ থেকে ২৯ অক্টোবর পর্যন্ত ২২ দিন ইলিশের প্রজনন মৌসুমে মাছ ধরা, আহরণ, পরিবহন, ক্রয়-বিক্রয় নিষিদ্ধ। এ সময়ে জেলেদের সহায়তা হিসেবে ২৫ কেজি করে চাল দেওয়ার কথা। কিন্তু রণগোপালদী

৩ এর পাতায় দেখুন


অধ্যাপক ডা. এন.সি.দে রবীন
এমবিবিএস(ঢাকা)ডি.ও(ডিএমসি)
এমডিপি(ইউএসএ) ট্রেইন্ড ইন
অরবিস(আমেরিকা)বেইজিং(চীন)
এনআইও(ঢাকা)ফ্যাকো ও গ্লোকোমা
ফেলো,জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউড, ঢাকা
ও.এস.বি ন্যাশনাল কনফারেন্স ও শেবাচি সেবা পদকপ্রাপ্ত
মাথা ব্যথা, গ্লোকোমা, ফ্যাকো সার্জন ও চক্ষু বিশেষজ্ঞ
বিভাগীয় প্রধান:
শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল (এক্স) বরিশাল
সাউথ এ্যাপোলো মেডিকেল কলেজ ও হাসপাতাল বরিশাল
বরিশাল চেম্বার: মেঘা ডায়াগনস্টিক ল্যাব
৪০ সদর রোড (হোটেল আলী ইন্টাঃ এর বিপরীতে) বরিশাল | সিরিয়ালের জন্যঃ ০১৭৪৩৯৩২০৮৮, ০১৭১৫৮৬৩৭৬৭

ডেঙ্গুতে একদিনে সর্বোচ্চ ১১ মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

দেশে ডেঙ্গু পরিস্থিতির আরও অবনতি হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় সারা দেশে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ২ হাজার ৭১ জন। একই সময়ে মারা গেছেন ১১ ডেঙ্গুরোগী, যা চলতি বছরের মধ্যে সর্বোচ্চ ।মঙ্গলবার (২৭ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত ডেঙ্গু বিষয়ক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়। এর আগে, গত ৬ ও ১৫ অক্টোবর ডেঙ্গুতে একদিনে সর্বোচ্চ ১০ জনের মৃত্যু হয়েছিল ।প্রতিবেদনের তথ্য অনুযায়ী, সোমবার সকাল ৮টা থেকে মঙ্গলবার সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টায় ঢাকা বিভাগে সবচেয়ে বেশি ৮৯৯ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন এবং এসময় তিনজন মারা গেছেন। এছাড়া খুলনা বিভাগে ২৫০ জন নতুন রোগী ভর্তি হয়েছেন এবং মৃত্যু হয়েছে ৬ জনের। চট্টগ্রাম বিভাগে ২৪১ জন ভর্তি হয়েছেন, মারা গেছেন একজন। একই সময়ে রাজশাহী বিভাগে ২২৯ জন ভর্তি হয়েছেন এবং একজনের মৃত্যুর খবর পাওয়া গেছে। বরিশাল বিভাগে ২১৭ জন

৩ এর পাতায় দেখুন

ঋণ প্রতিশ্রুতি বেড়ে ১২৭ কোটি ডলার, অর্থছাড়ের শীর্ষে আইডিএ-এডিবি

কীর্তনখোলা ডেস্ক

চলতি ২০২৬-২৭ অর্থবছরের প্রথম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর) বাংলাদেশের জন্য বিদেশি ঋণ ও অনুদানের প্রতিশ্রুতি বেড়ে ১২৭ দশমিক ৩ কোটি ডলার হয়েছে। একই সময়ে গত বছর যা ছিল মাত্র ৯১ কোটি ৬ লাখ ৭০ হাজার ডলার। ফলে বছরের ব্যবধানে বৈদেশিক ঋণ ও অনুদানের প্রতিশ্রুতি প্রায় ৪০ শতাংশ বেড়েছে। সেই সঙ্গে এডিবি ও আইডিএ অর্থছাড়ের শীর্ষে রয়েছে বলেও জানিয়েছে ইআরডি। মঙ্গলবার (২৭ অক্টোবর) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) থেকে এই তথ্য জানা গেছে। বিদেশি সহায়তার প্রতিশ্রুতি বাড়ানোর পাশাপাশি দেশের জ্বালানি অবকাঠামো উন্নয়নেও বড় অঙ্কের বৈদেশিক অর্থায়নের উদ্যোগ রয়েছে। দেশের একমাত্র তেল শোধনাগার ইস্টার্ন রিফাইনারি লিমিটেডের আধুনিকায়ন ও সম্প্রসারণ প্রকল্পে ইসলামী উন্নয়ন ব্যাংক (আইএসডিবি) প্রায় ১০০ কোটি ডলারের অর্থায়নের প্রতিশ্রুতি দিয়েছে। এ ধরনের অর্থায়ন বাস্তবায়ন হলে দেশের জ্বালানি পরিশোধন সক্ষমতা বৃদ্ধি এবং জ্বালানি

৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে মৎস্য বিভাগের দলের ওপর হামলা, কান ধরে ওঠবসের অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট

ঝালকাঠির নলছিটি উপজেলার সুগন্ধা নদীতে ইলিশ রক্ষার অভিযান শেষে ফেরার পথে মৎস্য বিভাগের কর্মকর্তাসহ সাতজনের ওপর হামলার ঘটনা ঘটেছে। মঙ্গলবার সকালে উপজেলার কুমারখালী-জাঙ্গালিয়া এলাকার নদীতে এ ঘটনা ঘটে বলে জানিয়েছেন জেলা মৎস্য কর্মকর্তা মো. এনামুল হক। হামলায় মৎস্য বিভাগের জ্যেষ্ঠ সহকারী পরিচালক প্রণব কুমার বিশ্বাস স্পিডবোট থেকে পড়ে আহত হন। আহত অন্যরা হলেন- আনসার ও ভিডিপির হাবিলদার আবদুর রহিম, সিপাহি সাকিব হাসান ও সেলিম মিয়া, নৌযানের মাঝি মো. রেজাউল করিম, চালক মো. মোস্তফা সিকদার এবং অফিস সহায়ক মো. রমজান আলী খলিফা। তারা

৩ এর পাতায় দেখুন

মঠবাড়িয়ায় ডাকাত সরদার ‘কালা ইয়াসিন’ গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট

পিরোজপুরের মঠবাড়িয়ায় ডাকাতির একাধিক মামলার আসামি ইয়াসিন খান ওরফে ‘কালা ইয়াসিন’কে গ্রেফতার করেছে এসআরবি-৮ (বরিশাল)। সোমবার (২৬ অক্টোবর) দিবাগত রাত ১২টা ৪০ মিনিটের দিকে উপজেলার তুষখালী ইউনিয়নে নিজ এলাকার বাড়ির কাছ থেকে তাকে গ্রেফতার করা হয়। মামলা সূত্রে জানা গেছে, ৪০ বছর বয়সী ইয়াসিন খান তুষখালী ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের বাসিন্দা। তিনি মৃত হাফেজ হাওলাদার ওরফে ছোমেত খানের ছেলে। এসআরবি-৮-এর এক কর্মকর্তা জানান, ইয়াসিনের বিরুদ্ধে মঠবাড়িয়া থানায় ডাকাতির অভিযোগে একাধিক মামলা রয়েছে। এর মধ্যে জিআর মামলা নম্বর ১৪/২৬ ও ২৪৭/২৬

৩ এর পাতায় দেখুন

কাউখালীতে ডেঙ্গুতে প্রাণ গেলো পোশাকশ্রমিকের

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীতে ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়ে বিপ্লব ওরফে মোস্তাক (৫০) নামে এক পোশাকশ্রমিকের মৃত্যু হয়েছে। সোমবার (২৬ অক্টোবর) রাত ১১টার দিকে ঢাকার শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়। তাঁর মৃত্যুতে পরিবার, স্বজন ও এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

নিহত বিপ্লব কাউখালী উপজেলার আমরাজুড়ী ইউনিয়নের কুমিয়ান গ্রামের মুনছুর শিকদারের ছেলে। তিনি ঢাকার আশুলিয়ায় ‘এফএনএফ’ নামের একটি পোশাক কারখানায় কাজ করতেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে ও এক মেয়ে রেখে গেছেন। পারিবারিক সূত্রে জানা যায়, গত ২০ অক্টোবর কর্মস্থলে থাকাকালে জ্বরে আক্রান্ত হন বিপ্লব। প্রথমে বাসায় প্রাথমিক চিকিৎসা নেন তিনি। পরে গত বৃহস্পতিবার তাঁর শরীরে তীব্র ব্যথাসহ বিভিন্ন শারীরিক জটিলতা দেখা দেয়। অবস্থার অবনতি হলে তাঁকে দ্রুত ঢাকার শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় সোমবার রাতে

৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম
কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মোঃ ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com